রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৪, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৩ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নম্বর ৯১-আইন/২০২৫।**—বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নম্বর আইন) এর ধারা ৩২, ধারা ১৩, ১৪, ১৫, ১৬ ও ২৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

## প্রারম্ভিক

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা 'বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল বিধিমালা, ২০২৫' নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই বিধিমালায়—

(ক) **"অসদাচরণ"** অর্থ নিবন্ধিত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর এইরূপ আচরণ যাহা অন্যান্য সহকর্মী বা সেবাগ্রহীতা বা ভদ্রজনের সাথে শোভনীয় নয় অথবা সরকারি কর্মচারীদের আচরণ সংক্রান্ত বিদ্যমান বিধিমালার কোনো বিধানের পরিপন্থি কোনো কার্য অথবা কোনো সরকারি কর্মচারীর শিষ্টাচার বহির্ভূত কোনো আচরণ; এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(অ) ঊর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ বা নির্দেশ অমান্যকরণ; বা

(আ) কর্তব্যে অবহেলা প্রদর্শন; বা



মূল্য : টাকা ৬৪.০০

(ই) আইনসংগত কারণ ব্যতিরেকে সরকার বা কাউন্সিলের কোনো আদেশ বা নির্দেশ অবজ্ঞাকরণ; বা

(ঈ) কাউন্সিল কর্তৃক প্রণীত রিহ্যাবিলিটেশন পেশাজীবী আচরণ নীতিমালার লঙ্ঘন; বা

(উ) কোনো কর্তৃপক্ষের নিকট কাউন্সিলের কোনো কর্মচারীর বিরুদ্ধে তুচ্ছ, অসংগত, মিথ্যা, ভিত্তিহীন অথবা হয়রানিমূলক অভিযোগ সংবলিত দরখাস্ত দাখিল; বা

(ঊ) অন্য কোনো আইন বা বিধি-বিধানে যে সমস্ত কার্য অসদাচরণ হিসাবে গণ্য হইবে মর্মে উল্লেখ আছে এইরূপ কোনো কার্য।

(খ) **"আইন"** অর্থ বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সালের ৭১ নম্বর আইন);

(গ) **"কাউন্সিল"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১) এ উল্লিখিত বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল;

(ঘ) **"ক্লিনিক্যাল কম্পিটেন্সি পরীক্ষা"** অর্থ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে লাইসেন্স প্রদানের নিমিত্ত আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী গৃহীত পরীক্ষা বা অনুসরণীয় পদ্ধতি;

(ঙ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তপশিল;

(চ) **"নিবন্ধন"** অর্থ আইন এবং এই বিধিমালার বিধি ১৭ এর বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে নিবন্ধন;

(ছ) **"নির্বাহী কমিটি"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত নির্বাহী কমিটি;

(জ) **"ফরম"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(ঝ) **"রেজিস্ট্রার"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১৬) এ উল্লিখিত রেজিস্ট্রার;

(ঞ) **"রিহ্যাবিলিটেশন"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৮) এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন;

(ট) **"রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৯) এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান;

(ঠ) **"রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১০) এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট;

(ড) **"রিহ্যাবিলিটেশন পেশাজীবী"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১১) এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন পেশাজীবী অর্থাৎ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার, রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট ও রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান;

(ঢ) **"রিহ্যাবিলিটেশন পেশাজীবী আচরণ নীতিমালা"** অর্থ আইনের ধারা ৩৩ এর উপ-ধারা (২) এর দফা (থ) এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর জন্য অনুসরণীয় আচরণ নীতিমালা;

(ণ) **"রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার"** অর্থ আইনের ধারা ২ এর দফা (১২) এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার; এবং

(ত) **"লাইসেন্স"** অর্থ আইন এবং এই বিধিমালার বিধি ২৭ এর বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে প্রদত্ত লাইসেন্স।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## কাউন্সিল সভা, কার্যবিবরণী, ইত্যাদি

৩। **সভার নোটিশ ও আলোচ্যসূচি।**—(১) রেজিস্ট্রার কাউন্সিলের সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত তারিখের অনধিক ১৫ (পনের) দিন পূর্বে নোটিশের মাধ্যমে প্রত্যেক সদস্যকে সাধারণ সভার স্থান, তারিখ ও সময় অবহিত করিবেন।

(২) কাউন্সিলের সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার অনধিক ০৭ (সাত) দিন পূর্বে সভার আলোচ্যসূচি প্রত্যেক সদস্যের ঠিকানায় ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে প্রেরণ করিতে হইবে।

(৩) কাউন্সিলের বিশেষ সভার ক্ষেত্রে রেজিস্ট্রার সভা অনুষ্ঠিত হওয়ার অন্যূন ৩ (তিন) দিন পূর্বে সদস্যগণকে সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচি নোটিশের মাধ্যমে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবেন।

৪। **আলোচ্যসূচি অন্তর্ভুক্তকরণ।**—(১) কোনো সদস্য কাউন্সিলের কোনো সাধারণ সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্তির জন্য কোনো প্রস্তাব প্রেরণ করিতে ইচ্ছা প্রকাশ করিলে তাহাকে উক্ত প্রস্তাবটি উক্ত সভার জন্য নির্ধারিত তারিখের অন্যূন ১০(দশ) দিন পূর্বে রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী প্রেরিত প্রস্তাবটি সভাপতি কর্তৃক গৃহীত হইলে রেজিস্ট্রার উক্ত সভা অনুষ্ঠানের জন্য নির্ধারিত তারিখের অন্যূন ০৭ (সাত) দিন পূর্বে প্রস্তাবটি আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করিয়া প্রত্যেক সদস্যের ঠিকানায় ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে প্রেরণ করিবেন।

৫। **মুলতবি সভা।**—(১) সভাপতি উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সম্মতিক্রমে কাউন্সিলের সভা মুলতবি ঘোষণা করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মুলতবি সভায় নতুন কোনো আলোচ্যসূচি অন্তর্ভুক্ত করা যাইবে না।

(৩) কোনো সভা পরবর্তী তারিখ পর্যন্ত মুলতবি ঘোষণা করা হইলে সভাপতি বিশেষ কারণে সেই সভার তারিখ পরিবর্তন করিতে পারিবেন।

(৪) রেজিস্ট্রার মুলতবি সভার পরিবর্তিত তারিখ লিখিত নোটিশের মাধ্যমে প্রত্যেক সদস্যকে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে এবং মুঠোফোনে বার্তা প্রেরণের মাধ্যমে অবহিত করিবেন।

৬। **সভার কার্যবিবরণী।**—(১) কাউন্সিলের সভার কার্যবিবরণী অনুমোদিত হইবার পর সভাপতির স্বাক্ষরের মাধ্যমে প্রমাণিকৃত হইবে এবং মুদ্রিত বা টাইপকৃত অবস্থায় কাউন্সিলের কার্যালয়ে এবং ইলেকট্রনিক ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে সংরক্ষণ করিতে হইবে।

(২) রেজিস্ট্রার প্রত্যেক সভার কার্যবিবরণীর একটি অনুলিপি সভা সমাপ্তির তারিখ হইতে অনধিক ০৭ (সাত) দিনের মধ্যে প্রত্যেক সদস্যের নিকট ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে প্রেরণ করিবেন।

## তৃতীয় অধ্যায়

## নির্বাহী কমিটি

৭। **নির্বাহী কমিটির মেয়াদ, সভা, ইত্যাদি।**—(১) আইনের ধারা ১০ এর বিধান অনুযায়ী গঠিত নির্বাহী কমিটির একজন সদস্যের কার্যকাল হইবে উক্ত কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্তির তারিখ হইতে ০৩ (তিন) বৎসর:

তবে শর্ত থাকে যে, কাউন্সিলের সদস্য হিসাবে তাহার দায়িত্বের মেয়াদ শেষ হইবার সঙ্গে সঙ্গে নির্বাহী কমিটির সদস্য হিসাবেও তাহার দায়িত্বের মেয়াদ শেষ হইয়া যাইবে।

(২) সভাপতির নির্দেশক্রমে যে কোনো সময়ে নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হইবে।

(৩) নির্বাহী কমিটির সভায় ০৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে।

(৪) কোনো কারণে নির্বাহী কমিটির কোন সদস্যের পদ শূন্য হইলে সরকার অনতিবিলম্বে নতুন সদস্য নির্বাচিত করিবে এবং এইরূপে নির্বাচিত সদস্য যে সদস্যের স্থলাভিষিক্ত হইলেন তিনি তাহার অবশিষ্ট মেয়াদ পর্যন্ত দায়িত্ব পালন করিবেন।

(৫) শুধু কোনো সদস্য পদ শূন্যতা বা নির্বাহী কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে নির্বাহী কমিটির কোনো কার্য বা কার্যধারা বা সিদ্ধান্ত অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না৷

৮। **নির্বাহী কমিটির কার্যাবলি।**—(১) আইনের ধারা ১০ এর উপ-ধারা (৫) অনুযায়ী কাউন্সিল যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে নির্বাহী কমিটিও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া নির্বাহী কমিটি নিম্নবর্ণিত কার্য সম্পাদন করিতে পারিবে নিম্নরূপ, যথা:—

(ক) রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধনে শর্ত, প্রকৃতি, নিবন্ধনের বিষয়বস্তু বা এতদসংক্রান্ত বিষয়াদি;

(খ) রিহ্যাবিলিটেশন পেশাজীবী কর্তৃক রিহ্যাবিলিটেশন পরামর্শ বা সেবা প্রদান ফি এর হার নির্ধারণে সুপারিশ;

(গ) নিম্নবর্ণিত ব্যক্তি বা প্রতিষ্ঠান, ক্ষেত্রমত, স্বীকৃতি বা অনুমোদন বা নিবন্ধন বা লাইসেন্স বিষয়ে তালিকা প্রণয়ন, যথা:—

(অ) প্রযোজ্যতা অনুযায়ী, রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(আ) বাংলাদেশে স্বীকৃত প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(ই) বাংলাদেশের বাহিরে অবস্থিত রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান অথবা সমজাতীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(ঈ) রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিটের অনুমোদন;

(উ) রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান, রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট ও রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন বা বিশেষজ্ঞের মাধ্যমে পরিদর্শন কার্য সম্পাদন;

(ঊ) রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্বীকৃতি প্রদানের লক্ষ্যে সুপারিশ প্রদান;

(ঋ) দেশি বা বিদেশি কোনো রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিগ্রি বা ডিপ্লোমা বা সার্টিফিকেটের মান মূল্যায়ন এবং আইনের তপশিল সংশোধনের সুপারিশ প্রদান;

(এ) রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন; এবং

(ঐ) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান;

(ঘ) দফা (গ) এ উল্লিখিত সংক্রান্ত কার্যাদি পরিচালনার জন্য প্রয়োজনীয় ফি নির্ধারণের জন্য সুপারিশ;

(ঙ) আইনের উদ্দেশ্যপূরণকল্পে এই বিধিমালায় উল্লিখিত হয় নাই এমন কোনো বিষয়ে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কাউন্সিলকে পরামর্শ প্রদান; এবং

(চ) আইন এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার বা কাউন্সিল কর্তৃক, সময় সময়, প্রেরিত বা প্রয়োজনীয় ও আনুষঙ্গিক অন্য যেকোনো কার্য সম্পাদন করা।

## চতুর্থ অধ্যায়

## রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি, ইত্যাদি

৯। **রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান বিষয়ক কমিটি।**—(১) আইনের ধারা উদ্দেশ্যপূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান বিষয়ক কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) রেজিস্ট্রার যিনি ইহার আহ্বায়ক হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ বা স্বীকৃত প্রতিষ্ঠানের অন্যূন সহকারী অধ্যাপক পর্যায়ের একজন শিক্ষক; এবং

(গ) কাউন্সিলের সভাপতি কর্তৃক আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর—

(অ) দফা (ম) তে উল্লিখিত কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য; এবং

(আ) দফা (ত) তে উল্লিখিত কাউন্সিল সদস্য কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের অন্যূন উপ-পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা।

(২) কাউন্সিলের সভাপতি, নির্বাহী কমিটির সহিত পরামর্শ করিয়া, উপ-বিধি (১) এর দফা (ক) এ উল্লিখিত কমিটির আহবায়ককে পরিবর্তন করিয়া কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে একজনকে আহবায়ক হিসাবে মনোনয়ন প্রদান করিতে পারিবেন যাহার মেয়াদ হইবে এইরূপ মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর অথবা আইনের ধারা ৫ এর অধীন মনোনীত হিসাবে কাউন্সিলের সদস্য পদে বহাল থাকিবার মেয়াদ পর্যন্ত যাহা আগে উত্তীর্ণ হয়।

(৩) কাউন্সিল উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(৪) কমিটির যে কোনো সভায় ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে।

(৫) উপ-বিধি (১) এর দফা (ক) তে উল্লিখিত কমিটির আহবায়ক প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ সদস্যকে কো-অপ্ট করিতে পারিবেন।

(৬) কমিটির আহবায়ক সভার আলোচ্য বিষয়ে সংশ্লিষ্টতা বা অভিজ্ঞতা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সভায় উপস্থিত থাকিয়া পরামর্শ বা মতামত প্রদানের জন্য আমন্ত্রণ করিতে পারিবেন।

(৭) উপ-বিধি (৫) এর অধীন অন্তর্ভুক্ত কো-অপ্ট সদস্য বা উপ-বিধি (৬) এর অধীন আমন্ত্রিত ব্যক্তি বা প্রতিষ্ঠান সভায় উপস্থিত ও আলোচনায় অংশগ্রহণ করিবার অধিকারী হইবেন, তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

১০। **রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান বিষয়ক কমিটির কার্যাবলি।**- (১) রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান বিষয়ক কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বাংলাদেশে স্বীকৃত প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(খ) বাংলাদেশের বাহিরে অবস্থিত রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান অথবা সমজাতীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(গ) দেশি বা বিদেশি কোনো রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিগ্রি বা ডিপ্লোমা বা সার্টিফিকেটের মান নিয়মিত মূল্যায়ন এবং, প্রযোজ্য ক্ষেত্রে, আইনের তপশিল সংশোধনের সুপারিশ বা মতামত প্রদান;

(ঘ) রিহ্যাবিলিটেশন শিক্ষার সকল পাঠ্যক্রম, মডিউল, বিষয়বস্তুর পরিধি বা অনুরূপ বিষয় নির্ধারণ; এবং

(ঙ) আইন ও এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিল বা নির্বাহী কমিটি বা রেজিস্ট্রার কর্তৃক, সময় সময়, প্রেরিত বা প্রয়োজনীয় ও আনুষঙ্গিক অন্য যে কোনো কার্য সম্পাদন।

(২) বিধি ৯ এর অধীন গঠিত কমিটির আহবায়ক রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান বিষয়ক কমিটির সকল সুপারিশ বা মতামত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনতিবিলম্বে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিবেন।

**১১। রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি।**—(১) বাংলাদেশের বাহিরে অবস্থিত রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান বা সমজাতীয় প্রতিষ্ঠান হইতে ডিগ্রি, প্রশিক্ষণ বা সনদপ্রাপ্ত কোনো ব্যক্তি উক্ত ডিগ্রি, প্রশিক্ষণ বা সনদমূলে বাংলাদেশে রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে নিবন্ধন অথবা রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে রিহ্যাবিলিটেশন পেশা বা কার্য বা রিহ্যাবিলিটেশন সেবা পরিচালনা করিতে আগ্রহী হইলে অথবা বাংলাদেশে উক্ত ডিগ্রি বা সনদ ব্যবহারে আগ্রহী হইলে উক্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান বা সমজাতীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতির জন্য কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজাদিসহ আবেদন করিতে হইবে।

(২) কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী তাহার শিক্ষাগত যোগ্যতার বিবরণীতে বা এতদসংক্রান্ত দলিলাদিতে অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার সংযোজন হিসাবে উপাধি বা যোগ্যতার অন্তর্ভুক্ত করিতে চাহিলে তাহাকে সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতার প্রমাণকসহ তপশিল-১ এ নির্ধারিত ফি পরিশোধ করিয়া রেজিস্ট্রার বরাবর আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত আবেদন সংশ্লিষ্ট রেজিস্টারে অন্তর্ভুক্ত করিতে হইবে এবং কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিয়া যাচাই বাছাই করিতে হইবে।

(৪) রেজিস্ট্রার উপ-বিধি (৩) এ উল্লিখিত যাচাই বাছাই সম্পন্ন হইবার পর উহার প্রতিবেদন নির্বাহী কমিটির অব্যবহিত পরবর্তী সভায় উপস্থাপন করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন উপস্থাপিত বিষয়ে নির্বাহী কমিটি প্রয়োজনীয় মতামত প্রদান করিবে এবং রেজিস্ট্রার, উক্ত মতামতসহ বিষয়টি অনতিবিলম্বে কাউন্সিল সভায় উপস্থাপন করিবেন।

(৬) আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদানের পর উহার হালনাগাদ তথ্য তপশিল-২ এর ফরম ১১ অনুযায়ী রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি বহিতে সংরক্ষণ করিতে হইবে এবং কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

## পঞ্চম অধ্যায়

## রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান ও সেবা ইউনিটের অনুমোদন, ইত্যাদি

১২। **রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন বিষয়ক কমিটি।**—(১) আইনের ধারা ১৪ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী আইনের সপ্তম তপশিলে অন্তর্ভুক্ত না থাকিলে উক্ত প্রতিষ্ঠান বা ইউনিটকে আইনের উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিলের নিকট হইতে অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত অনুমোদন বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন বিষয়ক কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) রেজিস্ট্রার যিনি ইহার আহ্বায়ক হইবেন;

(খ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (প) এর অধীন মনোনীত সদস্য;

(গ) স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক মনোনীত অন্যূন একজন সহকারী পরিচালক পদমর্যাদার কর্মকর্তা; এবং

(ঘ) কাউন্সিলের সভাপতি কর্তৃক—

(অ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ম) তে উল্লিখিত কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য; এবং

(আ) মনোনীত একজন বিশেষজ্ঞ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার।

(৩) কাউন্সিলের সভাপতি, নির্বাহী কমিটির সহিত পরামর্শ করিয়া, উপ-বিধি (২) এর দফা (ক) এ উল্লিখিত আহবায়ককে পরিবর্তন করিয়া কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে একজনকে আহবায়ক হিসাবে মনোনয়ন প্রদান করিতে পারিবেন যাহার মেয়াদ হইবে এইরূপ মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর অথবা আইনের ধারা ৫ এর অধীন মনোনীত হিসাবে কাউন্সিলের সদস্য পদে বহাল থাকিবার মেয়াদ পর্যন্ত যাহা আগে উত্তীর্ণ হয়।

(৪) কাউন্সিল উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(৫) কমিটির যে কোনো সভায় ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে।

(৬) উপ-বিধি (২) এর দফা (ক) তে উল্লিখিত কমিটির আহবায়ক প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ সদস্যকে কো-অপ্ট করিতে পারিবেন।

(৭) কমিটির আহবায়ক সভার আলোচ্য বিষয়ে সংশ্লিষ্টতা বা অভিজ্ঞতা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সভায় উপস্থিত থাকিয়া পরামর্শ বা মতামত প্রদানের জন্য আমন্ত্রণ করিতে পারিবেন।

(৮) উপ-বিধি (৬) এর অধীন অন্তর্ভুক্ত কো-অপ্ট সদস্য বা উপ-বিধি (৭) এর অধীন আমন্ত্রিত ব্যক্তি বা প্রতিষ্ঠান সভায় উপস্থিত ও আলোচনায় অংশগ্রহণ করিবার অধিকারী হইবেন, তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

১৩। **রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন বিষয়ক কমিটির কার্যাবলি।**—(১) রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন বিষয়ক কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আইনের ধারা ৩৩ এর উপ-ধারা (২) এর দফা (ঞ) এর বিধান অনুযায়ী প্রবিধান দ্বারা নির্ধারিত রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান অথবা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিটের অনুমোদন প্রক্রিয়া, পদ্ধতি, শর্তাদি বা এতদসংক্রান্ত বিষয়াদি পর্যালোচনা করিয়া উক্ত প্রতিষ্ঠান বা ইউনিটের অনুমোদন বিষয়ে কাউন্সিলের নিকট সুপারিশ বা মতামত প্রদান করা; এবং

(খ) আইন এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিল বা নির্বাহী কমিটি বা রেজিস্ট্রার কর্তৃক, সময় সময়, প্রেরিত বা প্রয়োজনীয় ও আনুষঙ্গিক অন্য যেকোনো কার্য সম্পাদন করা।

(২) উপ-বিধি (১) এর দফা (ক) এ যাহা কিছুই থাকুক না কেন কাউন্সিল আইন ও এই বিধিমালার অন্যান্য বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিটকে অনুমোদন প্রদান করিতে পারিবে।

(৩) বিধি ১২ এর উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটির আহবায়ক রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান অথবা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন বিষয়ক কমিটির সকল সুপারিশ বা মতামত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনতিবিলম্বে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিবেন।

১৪। **রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন, ইত্যাদি।**- (১) রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন প্রদানের জন্য তপশিল-২ এর ফরম-৮ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনটি সংশ্লিষ্ট রেজিস্টারে অন্তর্ভুক্ত করিতে হইবে এবং আইনের ধারা ৩৩ এর উপ-ধারা (২) এর দফা (ঞ) এর বিধান অনুযায়ী প্রবিধান দ্বারা নির্ধারিত না হওয়া পর্যন্ত আইন ও এই বিধিমালার অন্যান্য বিধান অনুযায়ী এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিয়া যাচাই বাছাই করিতে হইবে।

(৩) রেজিস্ট্রার উপ-বিধি (২) এ উল্লিখিত যাচাই বাছাই সম্পন্ন হইবার পর উহার প্রতিবেদন নির্বাহী কমিটির অব্যবহিত পরবর্তী সভায় উপস্থাপন করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন উপস্থাপিত বিষয়ে নির্বাহী কমিটি প্রয়োজনীয় মতামত প্রদান করিবে এবং রেজিস্ট্রার, উক্ত মতামতসহ বিষয়টি অনতিবিলম্বে উহা কাউন্সিল সভায় উপস্থাপন করিবেন।

(৫) কাউন্সিল রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন বিষয়ক কমিটির সুপারিশ বা মতামতের ভিত্তিতে উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদন অনুমোদন করিবে অথবা কারণ উল্লেখ করিয়া উহা অননুমোদন করিবে।

(৬) উপ-বিধি (৫) এর বিধান অনুযায়ী কোনো আবেদন অনুমোদিত হইলে রেজিস্ট্রার নির্ধারিত সময়ের মধ্যে তপশিল-১ অনুযায়ী ফি জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে।

(৭) উপ-বিধি (৬) এর অধীন আদেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারী তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিবেন।

(৮) রেজিস্ট্রার উপ-বিধি (৫) এর অধীন আবেদন অননুমোদনের সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবেন।

(৯) রেজিস্ট্রার উপ-বিধি (৭) এ উল্লিখিত ফি প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-২ এর ফরম-৯ অনুযায়ী রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা সেবা ইউনিট অনুমোদন সনদ প্রদান করিবে এবং উক্ত সনদ ইস্যুর তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুলিপি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সিভিল সার্জন বরাবরে প্রেরণ করিবেন।

(১০) উপ-বিধি (৯) এর অধীন প্রদত্ত রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন সনদের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর।

(১১) আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন প্রদানের পর উহার হালনাগাদ তথ্য তপশিল-২ এর ফরম ১২ অনুযায়ী রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন বহিতে সংরক্ষণ করিতে হইবে এবং কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

## ষষ্ঠ অধ্যায়

## রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন, ইত্যাদি

১৫। **রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটি।**—(১) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী বিদ্যমান অন্য কোনো আইনের অধীন কোনো কর্তৃপক্ষ হইতে কোনোরূপ নিবন্ধন বা লাইসেন্স প্রাপ্ত হওয়া সত্ত্বেও, একজন রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিলের নিকট হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কাউন্সিলের অনুমোদন বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) কাউন্সিলের সভাপতি কর্তৃক—

(অ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ম) এর অধীন মনোনীত সদস্য যিনি ইহার আহ্বায়ক হইবেন;

(আ) মনোনীত একজন কাউন্সিল সদস্য;

(ই) সরকার কর্তৃক মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ বা স্বীকৃত প্রতিষ্ঠানের অন্যূন সহকারী অধ্যাপক পর্যায়ের একজন শিক্ষক; এবং

(ঈ) মনোনীত একজন বিশেষজ্ঞ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার; এবং

(খ) রেজিস্ট্রার কর্তৃক মনোনীত অন্যূন সহকারী রেজিস্ট্রার পদমর্যাদার একজন কর্মকর্তা যিনি উক্ত কমিটির সদস্য-সচিব হইবেন।

(৩) কাউন্সিলের সভাপতি, নির্বাহী কমিটির সহিত পরামর্শ করিয়া, উপ-বিধি (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এ উল্লিখিত আহবায়ককে পরিবর্তন করিয়া কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে আহবায়ক হিসাবে মনোনয়ন প্রদান করিতে পারিবেন যাহার মেয়াদ হইবে এইরূপ মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর অথবা আইনের ধারা ৫ এর অধীন মনোনীত হিসাবে কাউন্সিলের সদস্য পদে বহাল থাকিবার মেয়াদ পর্যন্ত যাহা আগে উত্তীর্ণ হয়।

(৪) কাউন্সিল উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(৫) কমিটির যে কোনো সভায় ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে।

(৬) উপ-বিধি (২) এর দফা (ক) তে উল্লিখিত কমিটির আহবায়ক প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ সদস্যকে কো-অপ্ট করিতে পারিবেন।

(৭) কমিটির আহবায়ক সভার আলোচ্য বিষয়ে সংশ্লিষ্টতা বা অভিজ্ঞতা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সভায় উপস্থিত থাকিয়া পরামর্শ বা মতামত প্রদানের জন্য আমন্ত্রণ করিতে পারিবেন।

(৮) উপ-বিধি (৬) এর অধীন অন্তর্ভুক্ত কো-অপ্ট সদস্য বা উপ-বিধি (৭) এর অধীন আমন্ত্রিত ব্যক্তি বা প্রতিষ্ঠান সভায় উপস্থিত ও আলোচনায় অংশগ্রহণ করিবার অধিকারী হইবেন, তবে তাহার কোনো ভোটাধিকার থাকিবে না।

১৬। **রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটির কার্যাবলি।**- (১) রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন বা নিবন্ধন নবায়ন অনুমোদনের জন্য কাউন্সিলে পেশকৃত আবেদনসমূহ যাচাই-বাছাই করিয়া সুপারিশ বা মতামত প্রদান করা;

(খ) রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে নিবন্ধন বিষয়ে সুপারিশ বা মতামত প্রদানের জন্য প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পেশাজীবী কর্তৃক দাখিলকৃত ডিগ্রি বা ডিপ্লোমা বা সার্টিফিকেট কোর্স বা অন্য কোনো কোর্স বা প্রশিক্ষণ বা শিক্ষা কার্যক্রমের পাঠ্যক্রম, মান ও পরীক্ষার ফলাফল সম্পর্কে তথ্য, রেকর্ড ও প্রমাণাদিসহ আবেদন পত্রের সমর্থনে কোনো তথ্যাদি উপস্থাপন করিবার জন্য আহ্বান করা; এবং

(গ) আইন এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিল বা নির্বাহী কমিটি বা রেজিস্ট্রার কর্তৃক, সময় সময়, প্রেরিত বা প্রয়োজনীয় ও আনুষঙ্গিক অন্য যেকোনো কার্য সম্পাদন করা।

(২) কমিটি প্রয়োজন মনে করিলে উহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য আবেদনকারীকে কোনো দালিলিক বা মৌখিক সাক্ষ্য প্রদান করিবার জন্য উপস্থিত হইবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) বিধি ১৫ এর উপ-বিধি (২) এর অধীন গঠিত কমিটির আহবায়ক রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটির সকল সুপারিশ বা মতামত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনতিবিলম্বে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিবেন।

১৭। **রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন, ইত্যাদি।**—(১) কোনো ব্যক্তি এই বিধিমালার অধীন নিবন্ধন গ্রহণ ব্যতিত রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে পারিবেন না।

(২) কোনো ব্যক্তি রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন গ্রহণ করিতে চাহিলে তাহাকে তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া তপশিল-২ এর ফরম-১ অনুযায়ী আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোনো ব্যক্তি রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে থাকিলে, তাহাকে এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে এই বিধিমালার অধীন নিবন্ধন গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদনের সহিত, প্রযোজ্যতা অনুযায়ী, নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) আইনের প্রথম তপশিলে অন্তর্ভুক্ত সকল রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারদের শিক্ষা বিষয়ক ডিগ্রি বা দ্বিতীয় তপশিলে অন্তর্ভুক্ত রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্টদের ডিপ্লোমা সনদ বা তৃতীয় তপশিলে অন্তর্ভুক্ত রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ানদের সার্টিফিকেটসহ সকল শিক্ষাগত যোগ্যতার নম্বরপত্র, চারিত্রিক সনদ, জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদের অনুলিপি;

(খ) অন্যূন ৬(ছয়) মাস পূর্বের পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙ্গিন ছবি;

(গ) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার প্রত্যয়নপত্রের অনুলিপি; এবং

(ঘ) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের ক্ষেত্রে ইন্টার্নশীপ সনদের অনুলিপি; এবং

(ঙ) দেশীয় বা আন্তর্জাতিক রিহ্যাবিলিটেশন পেশাজীবী সংস্থা কর্তৃক প্রদত্ত সদস্য সনদের অনুলিপি।

(৪) উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদনকারী যদি বিদেশী নাগরিক হন, তাহা হইলে তাহাকে উপ-বিধি (৩) এর অতিরিক্ত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারী যে রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিটে রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে কাজ করিতে আগ্রহী সেই প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র বা চুক্তিপত্র বা অনুরূপ দলিলের অনুলিপি;

(খ) আবেদনকারীর নিজ দেশের রিহ্যাবিলিটেশন পেশাজীবী সংস্থার নিবন্ধন সনদের অনুলিপি;

(গ) বাংলাদেশের আইন ও বিধিমালা অনুযায়ী একজন বিদেশী নাগরিকের ক্ষেত্রে বাংলাদেশে কাজ করিবার অনুমতি সংক্রান্ত কাগজাদি; এবং

(ঘ) আইন বা এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার বা কাউন্সিল বা নির্বাহী কমিটি বা রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটি কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্য কোনো দলিল বা কাগজ।

(৫) রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটি উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই, রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় পর্যালোচনা করিয়া নিবন্ধন সংক্রান্ত বিষয়ে উহার মতামতসহ বিষয়টি কাউন্সিল সভায় উপস্থাপনের নিমিত্ত রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবে।

(৬) কাউন্সিল রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটির মতামতের ভিত্তিতে উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই করিয়া সন্তুষ্ট হইলে রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন আবেদন অনুমোদন করিবে অথবা কারণ উল্লেখ করিয়া উহা অননুমোদন করিবে।

(৭) রেজিস্ট্রার উপ-বিধি (৬) এর বিধান অনুযায়ী কোনো আবেদন অনুমোদন করিলে নির্ধারিত সময়ের মধ্যে তপশিল-১ অনুযায়ী নিবন্ধন ফি জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে।

(৮) উপ-বিধি (৭) এর অধীন আদেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারী তপশিল-১ এ উল্লিখিত নিবন্ধন ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিবেন।

(৯) রেজিস্ট্রার উপ-বিধি (৬) এর অধীন আবেদন অননুমোদনের সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবেন।

(১০) রেজিস্ট্রার উপ-বিধি (৮) এ উল্লিখিত নিবন্ধন ফি প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-২ এর ফরম-৬ অনুযায়ী নিবন্ধন সনদ প্রদান করিবে এবং উক্ত সনদ ইস্যুর তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুলিপি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সিভিল সার্জন বরাবরে প্রেরণ করিবেন।

(১১) উপ-বিধি (১০) এর অধীন প্রদত্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট বা রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ানের নিবন্ধনের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর।

(১২) কোনো ব্যক্তি আইন, এই বিধিমালা বা নিবন্ধনের কোনো শর্ত লঙ্ঘন করিলে কাউন্সিল তৎকর্তৃক নির্দেশিত পদ্ধতিতে তাহাকে যুক্তিসঙ্গত কারণ দর্শানো ও শুনানির সুযোগ প্রদান করিয়া তাহার নিবন্ধন সাময়িকভাবে বা স্থায়ীভাবে বাতিল করিতে পারিবে।

**১৮। রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনাকারীদের ক্ষেত্রে বিশেষ বিধান।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোনো ব্যক্তি রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে থাকিলে তাহাকে এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া তপশিল-২ এর ফরম-১ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন দাখিল করিলে বিধি ১৭ এর বিধান অনুযায়ী নিবন্ধন গ্রহণ করিবার পূর্ব পর্যন্ত উক্ত ব্যক্তির রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য চালাইয়া যাইতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবী বিধি ১৭ বিধান অনুযায়ী তাহার নিবন্ধন আবেদন চূড়ান্তভাবে অনুমোদিত না হইলে রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য চালাইয়া যাইতে পারিবেন না।

(৩) উপ-বিধি (২) এর অধীন রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য চালাইয়া যাইবার সময়কালে কাউন্সিল সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে উহার বিবেচনায় সংগত যে কোন শর্ত আরোপ বা নির্দেশনা প্রতিপালনের আদেশ প্রদান করিতে পারিবে।

(৪) কোনো কারণে কাউন্সিল যদি মনে করে যে কোনো ব্যক্তিকে রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে দেওয়া যাইবে না তাহা হইলে তাহাকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা বন্ধ করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৫) কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী উপ-বিধি (১) এর আবেদন বা এই বিধির অধীন রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিবার সুযোগ গ্রহণ করিতে পারিবেন না, যদি উক্ত ব্যক্তি—

(ক) রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা বন্ধ করিয়া দেন;

(খ) কাউন্সিল কর্তৃক প্রদত্ত কোন শর্ত বা নির্দেশনা পালন করিতে ব্যর্থ হইয়া থাকেন; বা

(গ) আইন বা এই বিধিমালার বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা না করিয়া থাকেন:

তবে শর্ত থাকে যে, দফা (ক) এ উল্লিখিত পরিস্থিতিতে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে পেশা বা কার্য পরিচালনা পুনরায় আরম্ভ করা অথবা দফা (খ) ও (গ) এ উল্লিখিত পরিস্থিতিতে কাউন্সিল যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, কাউন্সিল কর্তৃক নির্ধারিত শর্ত বা নির্দেশনা পালন করিবার জন্য সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে পেশা বা কার্য পরিচালনার সুযোগ প্রদান রিহ্যাবিলিটেশন সেবা গ্রহণকারী বা জনস্বার্থ পরিপন্থী হইবে না, তাহা হইলে উক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে পেশা বা কার্য পরিচালনা করিবার সুযোগ প্রদান করা যাইবে।

(৬) এই বিধির অধীন কাউন্সিলের কোনো সিদ্ধান্তের ফলে কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী সংক্ষুব্ধ হইলে, উক্ত সিদ্ধান্ত অবহিত হইবার তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে কাউন্সিলের নিকট উহা পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে।

**১৯। রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট বা রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ানের নিবন্ধন নবায়ন, ইত্যাদি।**—(১) প্রত্যেক নিবন্ধিত রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে বিধি ১৭ এর অধীন নিবন্ধন প্রাপ্তির তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর অতিবাহিত হইবার অথবা নবায়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের মেয়াদ শেষ হইবার ৩ (তিন) মাস পূর্বে তপশিল-১ এ উল্লিখিত ফি এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকে এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া তপশিল-২ এর ফরম-২ অনুযায়ী কাউন্সিল বরাবর আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিবন্ধনের মেয়াদ শেষ হইবার পূর্বে নিবন্ধন নবায়ন করিতে ব্যর্থ হইলে, যুক্তিসঙ্গত কারণ থাকিলে, নিবন্ধন বা নবায়নের মেয়াদ শেষ হইবার তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে তপশিল-১ এ উল্লিখিত ফি এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক অনুমোদিত কেনো তফসিলি ব্যাংকে এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া নিবন্ধন নবায়নের জন্য আবেদন করা যাইবে:

আরো শর্ত থাকে যে, উপরি-উক্ত ৬০ (ষাট) দিনের মধ্যেও নিবন্ধন নবায়ন করিতে ব্যর্থ হইলে, যুক্তিসঙ্গত কারণ উল্লেখ করিয়া নিবন্ধন বা নবায়নের মেয়াদ শেষ হইবার তারিখ হইতে অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে তপশিল-১ এ উল্লিখিত ফি এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকে এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া নিবন্ধন নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর নিবন্ধন প্রদান বিষয়ক কমিটি তৎকর্তৃক নির্ধারিত কোনো কর্মকর্তাকে এতদ্বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই এবং রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে পেশা বা কার্য পরিচালনা বিষয়ে তদন্ত সাপেক্ষে প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) নিবন্ধন প্রদান বিষয়ক কমিটি উপ-বিধি (৩) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত সংশ্লিষ্ট আবেদনের বিষয়ে উহার মতামত রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবে।

(৫) কাউন্সিল রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটির মতামতের ভিত্তিতে উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদন বিষয়ে সন্তুষ্ট হইলে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন নবায়ন আবেদন অনুমোদন করিবে অথবা কারণ উল্লেখ করিয়া উহা অননুমোদন করিবে।

(৬) উপ-বিধি (৫) এর বিধান অনুযায়ী কোনো নিবন্ধন নবায়ন আবেদন অনুমোদন করিলে রেজিস্ট্রার নির্ধারিত সময়ের মধ্যে তপশিল-১ অনুযায়ী নিবন্ধন নবায়ন ফি জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে।

(৭) উপ-বিধি (৬) এর অধীন আদেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারী তপশিল-১ এ উল্লিখিত নিবন্ধন নবায়ন ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিবেন।

(৮) রেজিস্ট্রার উপ-বিধি (৫) এর অধীন আবেদন অননুমোদনের সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে।

(৯) রেজিস্ট্রার উপ-বিধি (৭) এ উল্লিখিত নিবন্ধন নবায়ন ফি প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-২ এর ফরম-৬ অনুযায়ী নিবন্ধন নবায়ন সনদ প্রদান করিবে এবং উক্ত সনদ ইস্যুর তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুলিপি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সিভিল সার্জন বরাবরে প্রেরণ করিবে।

(১০) উপ-বিধি (৯) এর অধীন প্রদত্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট বা রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান নিবন্ধন নবায়নের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর।

(১১) যদি কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী নির্দিষ্ট সময়ের মধ্যে নিবন্ধন নবায়ন করিতে ব্যর্থ হন, তাহা হইলে রেজিস্ট্রার তাহাকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে নোটিশ প্রেরণ করিতে পারিবে।

(১২) উপ-বিধি (১১) এর বিধান অনুযায়ী নোটিশ প্রেরণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধন নবায়নের জন্য আবেদন না করিলে তাহার নাম নিবন্ধন বহি বা কাউন্সিলের ওয়েবসাইট বা অনুরূপ অন্যান্য দলিলাদি হইতে প্রত্যাহার বা কর্তন করা যাইবে।

২০। **নিবন্ধন বাতিলের নোটিশ জারি, প্রচার, ইত্যাদি।**- (১) আইন বা এই বিধিমালার বিধান অনুযায়ী কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন সাময়িক বা স্থায়ীভাবে বাতিল করা হইলে রেজিস্ট্রার সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীর সর্বশেষ জ্ঞাত ঠিকানায় ডাকযোগে রেজিস্ট্রিকৃত পত্রের মাধ্যমে এবং ইমেইল বা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে বিষয়টি তাহাকে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন স্থায়ীভাবে বাতিল করা হইলে রেজিস্ট্রার বাতিল ঘোষণার বিষয়টি সর্বসাধারণের অবগতির জন্য সরকারি গেজেটে প্রকাশ করিবেন এবং নিবন্ধন বহি হইতে তাহার নাম কর্তন করিবেন ।

(৩) নিবন্ধন সাময়িক বা স্থায়ীভাবে বাতিল সংক্রান্ত বিষয়টি অনতিবিলম্বে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

২১। **রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন পুনর্বহাল, ইত্যাদি।**—(১) কাউন্সিল আইনের ধারা ২২ এর উপ-ধারা (১) এ উল্লিখিত কোনো কারণে কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন সাময়িক বা স্থায়ীভাবে বাতিল করিলে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবী উহা পুনর্বহালের জন্য আইনের ধারা ২২ এর উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী কাউন্সিলের নিকট তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া তপশিল-২ এর ফরম-৩ অনুযায়ী আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত কি কারণে তাহার নিবন্ধন সাময়িক বা স্থায়ীভাবে বাতিল হইয়াছিল তাহা প্রমাণকসহ উল্লেখ করিতে হইবে।

(৩) রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন কমিটি এই বিধির অধীন দাখিলকৃত আবেদন পর্যালোচনা করিবেন অথবা প্রয়োজনবোধে আবেদনকারীর নিকট আরও সাক্ষ্য প্রমাণ অথবা ব্যাখ্যা গ্রহণ করিয়া পুনর্বহালের বিষয়ে উহার সুপারিশ বা মতামত কাউন্সিল সভায় উপস্থাপনের জন্য রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবে।

(৪) কাউন্সিল উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনা করিবে এবং উপযুক্ত মনে করিলে, সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে পুর্নবহালের জন্য নির্দেশনা প্রদান করিবে।

(৫) রেজিস্ট্রার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উপ-বিধি (৪) এর অধীন পুর্নবহালের ঘোষণা করিবেন এবং কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করিবেন।

২২। **নিবন্ধন বহি হইতে স্বেচ্ছায় নাম প্রত্যাহার।—(১)** কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে নিবন্ধিত ব্যক্তি স্বেচ্ছায় রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে নিবন্ধিত তালিকা হইতে নিজের নাম প্রত্যাহার করিতে চাহিলে তাহাকে কাউন্সিলের রেজিস্ট্রার বরাবর লিখিত আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন দাখিল করা হইলে রেজিস্ট্রার কাউন্সিলের সভাপতির সহিত পরামর্শ করিয়া তাহার অনুমোদনক্রমে রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে তালিকা সংবলিত নিবন্ধন বহি হইতে উক্ত রিহ্যাবিলিটেশন নাম কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

২৩। **নিবন্ধিত রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের হালনাগাদ নিবন্ধন তথ্য, বার্ষিক তালিকা, ইত্যাদি।**—(১) কাউন্সিল প্রতিবৎসর ৩১ ডিসেম্বর পর্যন্ত নিবন্ধিত রিহ্যাবিলিটেশন পেশাজীবী অর্থাৎ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার, রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট ও রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ানদের তালিকা পরবর্তী বৎসরের ৩১ জানুয়ারি তারিখের মধ্যে হালনাগাদ আকারে প্রণয়ন করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত তালিকায় নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করিতে হইবে, যথা:—

(ক) নিবন্ধনের বৎসর অনুযায়ী অন্তর্ভুক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর মোট সংখ্যা;

(খ) স্থায়ীভাবে বাতিলকৃত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর সংখ্যা; এবং

(গ) মৃত্যুর কারণে নিবন্ধন বহি হইতে বাতিলকৃত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর সংখ্যা।

(৩) নিবন্ধিত রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের যথাক্রমে, আইনের প্রথম তপশিল, দ্বিতীয় তপশিল এবং তৃতীয় তপশিলের টেবিলের কলাম (১) উল্লিখিত ধরন ও ক্রম অনুসারে পৃথক পৃথক তালিকা প্রণয়ন করিতে হইবে।

(৪) রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের হালনাগাদ তথ্য আইনের ধারা ১৮ এর উপ-ধারা (১) এবং ধারা ৩৩ এর উপ-ধারা (২) এর দফা (ছ) এর বিধান অনুযায়ী নিবন্ধন বহিতে সংরক্ষণ এবং কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত প্রবিধান দ্বারা পৃথক ব্যক্তিগত নথি ও ইলেট্রনিক নিবন্ধন বহি (Registers) প্রণয়ন, সংকলন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ এবং নিবন্ধনসমূহ (Registers) প্রকাশ, সংরক্ষণ এবং হালনাগাদকরণের পদ্ধতি প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিল আইন ও এই বিধিমালার অন্যান্য বিধান অনুযায়ী এতদুদ্দেশ্যে নির্ধারিত পদ্ধতি অনুযায়ী রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন বহিতে সংরক্ষণ ও হালনাগাদ করা যাইবে।

২৪। **ডুপ্লিকেট নিবন্ধন সনদ।**— একজন রিহ্যাবিলিটেশন পেশাজীবী কাউন্সিল কর্তৃক নির্দেশিত পদ্ধতি অনুসরণপূর্বক এবং তপশিল-১ এ উল্লিখিত ফি পরিশোধ করিয়া রিহ্যাবিলিটেশন পেশাজীবী ডুপ্লিকেট নিবন্ধন সনদ গ্রহণ করিতে পারিবে।

## সপ্তম অধ্যায়

## রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স, ইত্যাদি

২৫। **রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটি।**—(১) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী বিদ্যমান অন্য কোনো আইনের অধীন কোনো কর্তৃপক্ষ হইতে কোনোরূপ লাইসেন্স বা নিবন্ধন প্রাপ্ত হওয়া সত্ত্বেও, রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারগণকে আইনের উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিলের নিকট হইতে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) আইনের উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিলের নিকট লাইসেন্স প্রদানের লক্ষ্যে সুপারিশ করিবার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) রেজিস্ট্রার যিনি ইহার আহ্বায়ক হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ বা স্বীকৃত প্রতিষ্ঠানের অন্যূন সহকারী অধ্যাপক পর্যায়ের একজন শিক্ষক; এবং

(গ) কাউন্সিলের সভাপতি কর্তৃক—

(অ) মনোনীত একজন কাউন্সিল সদস্য;

(আ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ম) তে উল্লিখিত কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য; এবং

(ই) মনোনীত একজন বিশেষজ্ঞ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার।

(৩) কাউন্সিলের সভাপতি, নির্বাহী কমিটির সহিত পরামর্শ করিয়া, উপ-বিধি (২) এর দফা (ক) এ উল্লিখিত কমিটির আহবায়ককে পরিবর্তন করিয়া কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে আহবায়ক হিসাবে মনোনয়ন প্রদান করিতে পারিবেন যাহার মেয়াদ হইবে এইরূপ মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর অথবা আইনের ধারা ৫ এর অধীন মনোনীত হিসাবে কাউন্সিলের সদস্য পদে বহাল থাকিবার মেয়াদ পর্যন্ত যাহা আগে উত্তীর্ণ হয়।

(৪) কাউন্সিল উপ-বিধি (২) এ উল্লিখিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(৫) কমিটির যে কোনো সভায় ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে।

(৬) উপ-বিধি (২) এর দফা (ক) তে উল্লিখিত কমিটির আহবায়ক প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ সদস্যকে কো-অপ্ট করিতে পারিবেন।

(৭) কমিটির আহবায়ক সভার আলোচ্য বিষয়ে সংশ্লিষ্টতা বা অভিজ্ঞতা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সভায় উপস্থিত থাকিয়া পরামর্শ বা মতামত প্রদানের জন্য আমন্ত্রণ করিতে পারিবেন।

(৮) উপ-বিধি (৬) এর অধীন অন্তর্ভুক্ত কো-অপ্ট সদস্য বা উপ-বিধি (৭) এর অধীন আমন্ত্রিত ব্যক্তি বা প্রতিষ্ঠান সভায় উপস্থিত ও আলোচনায় অংশগ্রহণ করিবার অধিকারী হইবেন, তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

২৬। **রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটির কার্যাবলি।**—(১) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) অনুসারে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারদের লাইসেন্স প্রদানের জন্য কাউন্সিলে দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাই করিয়া লাইসেন্স পরীক্ষার জন্য সুপারিশ বা মতামত প্রদান করা;

(খ) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদানের লক্ষ্যে ক্লিনিক্যাল কম্পিটেন্সি পরীক্ষা আয়োজন করিতে সহায়তা করা;

(গ) লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের স্নাতকোত্তর কোর্সসমূহের (পোস্ট গ্রাজুয়েশন প্রশিক্ষণ/সার্টিফিকেট/ ডিপ্লোমা, মাস্টার্স বা পিএইচডি বা পোস্ট ডক্টরেট, ইত্যাদি) যোগ্যতাকে বিশেষায়িত দক্ষতা হিসাবে বিবেচনা করা এবং আবেদনের ভিত্তিতে অতিরিক্ত যোগ্যতা অন্তর্ভুক্তির জন্য সুপারিশ করা;

(ঘ) লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে কোনো আবেদনকারীকে উহার সম্মুখে উপস্থিত হইবার অথবা আবেদন পত্রের সমর্থনে তথ্য উপস্থাপন করিবার জন্য আহ্বান করা; এবং

(ঙ) আইন বা এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিল বা নির্বাহী কমিটি বা রেজিস্ট্রার কর্তৃক, সময় সময়, প্রেরিত বা প্রয়োজনীয় ও আনুষঙ্গিক অন্য যে কোনো কার্য সম্পাদন করা।

(২) বিধি ২৫ এর অধীন গঠিত কমিটির আহবায়ক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটির সকল সুপারিশ বা মতামত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনতিবিলম্বে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিবেন।

**২৭। লাইসেন্সের আবেদন, লাইসেন্স ইস্যু, ইত্যাদি।**—(১) কোনো ব্যক্তি এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ ব্যতিত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে পারিবেন না।

(২) কোনো ব্যক্তি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স গ্রহণ করিতে চাহিলে তাহাকে তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া তপশিল-২ এর ফরম-৪ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(৩) কাউন্সিল রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদানের নিমিত্ত আইনের প্রথম তপশিলের টেবিলের কলাম (১) এ উল্লিখিত ধরন অনুযায়ী লাইসেন্স পরীক্ষা গ্রহণ করিবে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত লাইসেন্স পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা:—

(ক) বহুল প্রচারিত অন্যূন একটি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় লাইসেন্স পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া আবেদন আহবান এবং আনুষঙ্গিক বিষয়াদির উল্লেখ;

(খ) বহুল প্রচারিত অন্যূন একটি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় পরীক্ষার তারিখ ঘোষণা;

(গ) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের ধরন অনুযায়ী স্বীকৃত ডিগ্রির সিলেবাস অনুসারে পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন;

(ঘ) পরীক্ষার পূর্ণমান হইবে ২০০ (দুইশত) এবং পাশ নম্বর হইবে ১২০ (একশত বিশ);

(ঙ) পরীক্ষার সময় হইবে ০২ (দুই) ঘন্টা;

(চ) কাউন্সিল কর্তৃক নির্ধারিত মূল্যায়ন মানদন্ডের ভিত্তিতে, প্রযোজ্যতা অনুযায়ী, লিখিত, মৌখিক, ব্যবহারিক বা ক্লিনিক্যাল কম্পিটেন্সি পরীক্ষা অনুষ্ঠান;

(ছ) প্রশ্নপত্র প্রণয়ন ও খাতা মূল্যায়ন বা ব্যবহারিক পরীক্ষার জন্য সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ পরীক্ষক নিয়োগ;

(জ) পরীক্ষা অনুষ্ঠিত হইবার সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে ফলাফল প্রকাশ এবং উক্ত ফলাফল কাউন্সিলের ওয়েবসাইটে এবং অন্যূন একটি বাংলা ও একটি জাতীয় ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ;

(ঝ) পরীক্ষা আয়োজনের সকল খরচ কাউন্সিল কর্তৃক বহন; এবং

(ঞ) লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারদের ক্লিনিক্যাল কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণ করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ নিয়োগ।

(৫) রেজিস্ট্রার উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই, রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় পর্যালোচনা করিয়া লাইসেন্স প্রদান সংক্রান্ত বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য তৎকর্তৃক নির্ধারিত কোনো কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীন নির্দেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই, রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয়ে প্রতিবেদন দাখিল করিবেন।

(৭) রেজিস্ট্রার উপ-বিধি (৬) এর অধীন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত প্রতিবেদনসহ আবেদন সংশ্লিষ্ট সকল কাগজাদি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটির আহবায়কের নিকট প্রেরণ করিবেন।

(৮) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটি উপ-বিধি (৭) এর অধীন কাগজাদি পাওয়ার পর উপযুক্ত বিবেচনা করিলে উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদনকারীকে বাংলাদেশে রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট বা অনুরূপ ক্ষেত্রে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনার অনুমতির জন্য পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৯) উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদনকারী উপ-বিধি (৮) এর অধীন গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইলে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটি, উহার সুপারিশ বা মতামতসহ, বিষয়টি কাউন্সিল সভায় উপস্থাপনের নিমিত্ত রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবে।

(১০) কাউন্সিল রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটির সুপারিশ বা মতামতের ভিত্তিতে উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত আবেদনকারী আবেদন অনুমোদন করিবে অথবা কারণ উল্লেখ করিয়া উহা অননুমোদন করিবে।

(১১) উপ-বিধি (৯) এর বিধান অনুযায়ী কোনো আবেদন অনুমোদিত হইলে রেজিস্ট্রার নির্ধারিত সময়ের মধ্যে তপশিল-১ অনুযায়ী লাইসেন্স ফি জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে।

(১২) উপ-বিধি (১১) এর অধীন আদেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারী তপশিল-১ এ উল্লিখিত লাইসেন্স ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিবেন।

(১৩) রেজিস্ট্রার উপ-বিধি (১০) এর অধীন আবেদন অননুমোদনের সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবেন।

(১৪) রেজিস্ট্রার উপ-বিধি (১২) এ উল্লিখিত লাইসেন্স ফি প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-২ এর ফরম-৭ অনুযায়ী লাইসেন্স প্রদান করিবে এবং উক্ত লাইসেন্স ইস্যুর তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুলিপি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সিভিল সার্জন বরাবরে প্রেরণ করিবেন।

(১৫) উপ-বিধি (১৪) এর অধীন প্রদত্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্সের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর।

(১৬) কাউন্সিল কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন স্থায়ীভাবে বাতিল করিলে আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের অনুকূলে প্রদত্ত লাইসেন্স স্বয়ংক্রিভাবে বাতিল হইয়া যাইবে এবং তিনি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে পারিবেন না।

**২৮। রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে একাধিক লাইসেন্স গ্রহণ নিষিদ্ধ।**—একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার আইনের প্রথম তপশিলের টেবিলের কলাম (১) উল্লিখিত ধরন বা বিধি ৩২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের ধরন অনুযায়ী কেবল একটি পেশা বা শ্রেণি বা ধরনের পেশা বা সেবা কার্যক্রমের জন্য লাইসেন্স গ্রহণ করিতে পারিবেন।

**ব্যাখ্যা:**—জনাব 'ক' 'রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (পুষ্টিবিদ)' ও 'রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (ক্লিনিক্যাল সোশাল ওয়ার্ক)' হিসাবে উভয় প্রকার রিহ্যাবিলিটেশন পেশা বা কার্য পরিচালনার জন্য স্বীকৃত ডিগ্রি ও ন্যূনতম যোগ্যতার অধিকারী হইলে তাহাকে তাহার পছন্দ অনুযায়ী যে কোনো একটি পেশা বা শ্রেণি বা ধরনের পেশা বা সেবা কার্য পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন করিতে হইবে।

**২৯। রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনাকারীদের ক্ষেত্রে বিশেষ বিধান।**— (১) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোনো ব্যক্তি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে থাকিলে তাহাকে এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া তপশিল-২ এর ফরম-৪ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন দাখিল করিলে বিধি ২৭ এর বিধান অনুযায়ী লাইসেন্স পাইবার পূর্ব পর্যন্ত উক্ত ব্যক্তির রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য চালাইয়া যাইতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার বিধি ২৭ এ উল্লিখিত লাইসেন্স পরীক্ষায় উত্তীর্ণ না হইলে বা উক্ত বিধির অন্যান্য বিধান অনুযায়ী তাহার আবেদন চূড়ান্তভাবে অুমোদিত না হইলে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য চালাইয়া যাইতে পারিবেন না:

আরও শর্ত থাকে যে, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোনো ব্যক্তি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনাকারী ব্যক্তি সর্বোচ্চ ৪ (চার) বার বিধি ২৭ এ উল্লিখিত লাইসেন্স পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ গ্রহণ করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য চালাইয়া যাইবার সময়কালে কাউন্সিল সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে উহার বিবেচনায় সংগত যে কোন শর্ত আরোপ বা নির্দেশনা প্রতিপালনের আদেশ প্রদান করিতে পারিবে৷

(৪) কোনো কারণে কাউন্সিল যদি মনে করে যে কোনো ব্যক্তিকে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে দেওয়া যাইবে না তাহা হইলে তাহাকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা বন্ধ করিবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৫) কোনো রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার উপ-বিধি (১) এর আবেদন বা এই বিধির অধীন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিবার সুযোগ গ্রহণ করিতে পারিবেন না, যদি উক্ত ব্যক্তি—

(ক) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা বন্ধ করিয়া দেন;

(খ) কাউন্সিল কর্তৃক প্রদত্ত কোন শর্ত বা নির্দেশনা পালন করিতে ব্যর্থ হইয়া থাকেন; বা

(গ) আইন বা এই বিধিমালার বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা না করিয়া থাকেন:

তবে শর্ত থাকে যে, দফা (ক) এ উল্লিখিত পরিস্থিতিতে উপ-বিধি (২) এর অতিরিক্ত শর্তাংশে প্রদত্ত সময়সীমার মধ্যে পুনরায় রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা আরম্ভ করিলে বা দফা (খ) ও (গ) এ উল্লিখিত পরিস্থিতিতে কাউন্সিল যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, তৎকর্তৃক নির্ধারিত শর্তাধীনে উক্ত দফাসমূহের বিধানাবলি পালন বা পূরণ করিবার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুযোগ প্রদান রিহ্যাবিলিটেশন সেবা গ্রহণকারীদের বা জনস্বার্থের পরিপন্থী হইবে না, তাহা হইলে উক্ত বিধানাবলি পালন বা পূরণ করিবার সুযোগ দিতে পারিবে।

(৬) এই বিধির অধীন কাউন্সিলের কোনো সিদ্ধান্তের ফলে কোনো রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার সংক্ষুব্ধ হইলে, উক্ত সিদ্ধান্ত অবহিত হইবার তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে কাউন্সিলের নিকট তাহা পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে৷

**৩০। বিদেশি নাগরিক কর্তৃক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা, ইত্যাদি।**—(১) কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে নির্দিষ্টকৃত দেশের কোনো রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে লাইসেন্সপ্রাপ্ত কোনো বিদেশি নাগরিক বাংলাদেশের কোনো রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট বা অনুরূপ ক্ষেত্রে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাব পেশা বা কার্য পরিচালনা করিতে চাহিলে তাহাকে তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া তপশিল-২ এর ফরম-৪ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারী যে রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট বা অনুরূপ ক্ষেত্রে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে কাজ করিতে আগ্রহী সেই প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র বা চুক্তিপত্র বা অনুরূপ দলিলের অনুলিপি;

(খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যায়িত আবেদনকারীর নিজ দেশের রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে প্রদত্ত নিবন্ধন সনদ এবং রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনার লাইসেন্সের অনুলিপি;

(গ) বাংলাদেশের আইন ও বিধিমালা অনুযায়ী একজন বিদেশি নাগরিকের ক্ষেত্রে বাংলাদেশে কাজ করিবার অনুমতি সংক্রান্ত কাগজাদি; এবং

(ঘ) আইন বা এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে সরকার বা কাউন্সিল কর্তৃক, সময় সময়, নির্ধারিত অন্য কোনো দলিল বা কাগজ।

(৩) রেজিস্ট্রার উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই, রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় পর্যালোচনা করিয়া লাইসেন্স প্রদান সংক্রান্ত বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য তৎকর্তৃক নির্ধারিত কোনো কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন নির্দেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই, রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয়ে প্রতিবেদন দাখিল করিবেন।

(৫) রেজিস্ট্রার উপ-বিধি (৪) এর অধীন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত প্রতিবেদনসহ আবেদন সংশ্লিষ্ট সকল কাগজাদি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটির আহবায়কের নিকট প্রেরণ করিবেন।

(৬) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটি উপ-বিধি (৫) এর অধীন কাগজাদি পাওয়ার পর উপযুক্ত বিবেচনা করিলে উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনকারীকে বাংলাদেশে রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট বা অনুরূপ ক্ষেত্রে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনার অনুমতির জন্য রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার ক্লিনিক্যাল কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৭) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনকারী উপ-বিধি (৬) এর অধীন গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ হইলে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটি, উহার সুপারিশ বা মতামতসহ, বিষয়টি কাউন্সিল সভায় উপস্থাপনের নিমিত্ত রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবে।

(৮) কাউন্সিল রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান কমিটির সুপারিশ বা মতামতের ভিত্তিতে উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত আবেদনকারী আবেদন অনুমোদন করিবে অথবা কারণ উল্লেখ করিয়া উহা অননুমোদন করিবে।

(৯) উপ-বিধি (৮) এর বিধান অনুযায়ী কোনো আবেদন অনুমোদিত হইলে রেজিস্ট্রার নির্ধারিত সময়ের মধ্যে তপশিল-১ অনুযায়ী লাইসেন্স ফি জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবে।

(১০) উপ-বিধি (৯) এর অধীন আদেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারী তপশিল-১ এ উল্লিখিত লাইসেন্স ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিবেন।

(১১) রেজিস্ট্রার উপ-বিধি (৮) এর অধীন আবেদন অননুমোদনের সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে বিষয়টি সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে অবহিত করিবেন।

(১২) রেজিস্ট্রার উপ-বিধি (১০) এ উল্লিখিত লাইসেন্স ফি প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-২ এর ফরম-৭ অনুযায়ী লাইসেন্স প্রদান করিবে এবং উক্ত লাইসেন্স ইস্যুর তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুলিপি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সিভিল সার্জন বরাবরে প্রেরণ করিবেন।

(১৩) উপ-বিধি (১২) এর অধীন প্রদত্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্সের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর।

(১৪) কোনো কারণে উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনকারীর রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে নিবন্ধন বা রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স স্থায়ীভাবে বাতিল হইলে এই বিধি অনুযায়ী তাহার অনুকূলে প্রদত্ত লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে এবং তিনি বাংলাদেশে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে পারিবেন না।

**৩১। রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারদের লাইসেন্স নবায়ন, ইত্যাদি।**—(১) প্রত্যেক নিবন্ধিত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর অতিবাহিত হইবার অথবা নবায়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের মেয়াদ শেষ হইবার ৩ (তিন) মাস পূর্বে তাঁহার লাইসেন্স নবায়ন করিবার জন্য তপশিল-২ এর ফরম-**৫** অনুযায়ী কাউন্সিল বরাবর আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে, যুক্তিসঙ্গত কারণ থাকিলে, লাইসেন্স নবায়নের মেয়াদ শেষ হইবার তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে তপশিল-১ এ উল্লিখিত ফি এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকে এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে:

আরো শর্ত থাকে যে, উপরি-উক্ত ৬০ (ষাট) দিনের মধ্যেও লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে, যুক্তিসঙ্গত কারণ উল্লেখ করিয়া লাইসেন্স নবায়নের মেয়াদ শেষ হইবার তারিখ হইতে অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে তপশিল-১ এ উল্লিখিত ফি এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকে এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর লাইসেন্স প্রদান কমিটি তৎকর্তৃক নির্ধারিত কোনো কর্মকর্তাকে এতদ্বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই এবং রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা বিষয়ে তদন্ত সাপেক্ষে প্রতিবেদন দাখিল করিবেন।

(৪) লাইসেন্স প্রদান কমিটি উপ-বিধি (৩) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত সংশ্লিষ্ট আবেদন অনুমোদন করিবে অথবা কারণ উল্লেখ করিয়া উহা অননুমোদন করিবে।

(৫) লাইসেন্স প্রদান কমিটি উপ-বিধি (৪) এর অধীন যাহার আবেদন অনুমোদন করা হইয়াছে তাহাকে সংশ্লিষ্ট আবেদন অনুমোদনের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-১ অনুযায়ী লাইসেন্স নবায়ন ফি জমা প্রদানের জন্য আবেদনকারীকে আদেশ প্রদান করিবে।

(৬) সংশ্লিষ্ট আবেদনকারী উপ-বিধি (৫) এর অধীন আদেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-১ এ উল্লিখিত লাইসেন্স নবায়ন ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিবেন।

(৭) উপ-বিধি (৪) এর অধীন আবেদন অননুমোদনের সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্স প্রদান বিষয়ক কমিটি সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক অবহিত করিবে।

(৮) রেজিস্ট্রার উপ-বিধি (৬) এ উল্লিখিত লাইসেন্স নবায়ন ফি প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে তপশিল-২ এর ফরম-৭ অনুযায়ী লাইসেন্স নবায়ন সনদ প্রদান করিবে এবং লাইসেন্স নবায়নের তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুলিপি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক ও সিভিল সার্জন বরাবরে প্রেরণ করিবে।

(৯) যদি কোনো রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার নির্দিষ্ট সময়ের মধ্যে লাইসেন্স নবায়ন নিবন্ধন করিতে ব্যর্থ হন, তাহা হইলে কাউন্সিল তাহাকে লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে নোটিশ প্রেরণ করিতে পারিবে।

(১০) উপ-বিধি (৯) এর বিধান অনুযায়ী নোটিশ প্রেরণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন না করিলে তাহার নাম লাইসেন্স বহি বা কাউন্সিলের ওয়েবসাইট বা অনুরূপ অন্যান্য দলিলাদি হইতে বাতিল করিতে হইবে।

(১১) কোনো রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের নিবন্ধন বাতিল হইলে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে তাহার লাইসেন্সটিও স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইবে।

**৩২। রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের পরিচিতি, ইত্যাদি।**—(১) আইনের ধারা ১৫ বা এই বিধিমালার বিধান অনুযায়ী একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে প্রদত্ত লাইসেন্সে তাহার জন্য প্রযোজ্যতা অনুযায়ী আইনের প্রথম তপশিলের কলাম (১) এ উল্লিখিত সংশ্লিষ্ট ধরন উল্লেখ করা যাইবে।

(২) কাউন্সিল আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী নিবন্ধন গ্রহণ এবং লাইসেন্স অর্জন করিবার পর একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে, প্রযোজ্যতা অনুযায়ী, রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আইনের প্রথম তপশিলের কলাম (৩) এ উল্লিখিত স্বীকৃত ডিগ্রি এবং কলাম (২) এ উল্লিখিত ন্যূনতম যোগ্যতা অনুযায়ী কলাম (১) এ উল্লিখিত ধরনভিত্তিক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার অর্থাৎ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (ফিজিওথেরাপি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (অকুপেশনাল থেরাপি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (স্পীচ থেরাপি/স্পীচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (ক্লিনিক্যাল)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (কাউন্সেলিং)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (এডুকেশন)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (ডেভেলপমেন্ট)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার [সাইকোলজি (স্কুল)], রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (পুষ্টি), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (নিউট্রিশন), রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (স্পেশাল এডুকেশন) বা রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (ক্লিনিক্যাল সোশাল ওয়ার্ক) হিসাবে পরিচিতি ও পেশা পরিচিতি নম্বর প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত প্রত্যেক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের ধরন বা পরিচিতি অনুযায়ী পৃথক পৃথক পেশা শনাক্তকরণ নম্বর প্রদান করিতে হইবে।

**৩৩। ডুপ্লিকেট লাইসেন্স সনদ।**—একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার কাউন্সিল কর্তৃক নির্দেশিত পদ্ধতি অনুসরণপূর্বক এবং তপশিল-১ এ উল্লিখিত ফি পরিশোধ করিয়া রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার ডুপ্লিকেট নিবন্ধন সনদ গ্রহণ করিতে পারিবে।

## অষ্টম অধ্যায়

## শৃঙ্খলা বিষয়ক কমিটি, অসদাচরণ, তদন্ত, ইত্যাদি

৩৪। **শৃঙ্খলা বিষয়ক কমিটি।**—(১) আইনের উদ্দেশ্যপূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে শৃঙ্খলা বিষয়ক কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) সরকার কর্তৃক মনোনীত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি ইহার আহ্বায়ক হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) সরকার কর্তৃক মনোনীত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা; এবং

(ঘ) কাউন্সিলের সভাপতি কর্তৃক—

(অ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ম) তে উল্লিখিত কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য; এবং

(আ) একজন বিশেষজ্ঞ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার।

(২) কাউন্সিলের সভাপতি, নির্বাহী কমিটির সহিত পরামর্শ করিয়া, উপ-বিধি (১) এর দফা (ক) এ উল্লিখিত কমিটির আহবায়ককে পরিবর্তন করিয়া কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে একজনকে আহবায়ক হিসাবে মনোনয়ন প্রদান করিতে পারিবেন যাহার মেয়াদ হইবে এইরূপ মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর অথবা আইনের ধারা ৫ এর অধীন মনোনীত হিসাবে কাউন্সিলের সদস্য পদে বহাল থাকিবার মেয়াদ পর্যন্ত যাহা আগে উত্তীর্ণ হয়।

(৩) কাউন্সিল উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(৪) কমিটির যে কোনো সভায় ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে কোরাম গঠিত হইবে।

(৫) উপ-বিধি (১) এর দফা (ক) তে উল্লিখিত কমিটির আহবায়ক প্রয়োজনে এক বা একাধিক বিশেষজ্ঞ সদস্যকে কো-অপ্ট করিতে পারিবেন।

(৬) কমিটির আহবায়ক সভার আলোচ্য বিষয়ে সংশ্লিষ্টতা বা অভিজ্ঞতা রহিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সভায় উপস্থিত থাকিয়া পরামর্শ বা মতামত প্রদানের জন্য আমন্ত্রণ করিতে পারিবেন।

(৭) উপ-বিধি (৫) এর অধীন অন্তর্ভুক্ত কো-অপ্ট সদস্য বা উপ-বিধি (৬) এর অধীন আমন্ত্রিত ব্যক্তি বা প্রতিষ্ঠান সভায় উপস্থিত ও আলোচনায় অংশগ্রহণ করিবার অধিকারী হইবেন, তবে তাহার কোন ভোটাধিকার থাকিবে না।

৩৫। **শৃঙ্খলা বিষয়ক কমিটির কার্যাবলি।—(১)** শৃঙ্খলা বিষয়ক কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) নিবন্ধিত যে কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবীর বিরুদ্ধে পেশাগত অসদাচরণ, একাধিক লাইসেন্স প্রাপ্তি, মানসিক অক্ষমতা, চারিত্রিক দোষ-ত্রুটি বা অন্য কোনো কারণে চিকিৎসা বা সেবা কার্য পরিচালনার অনুপযুক্ত বলিয়া কোনো অভিযোগ, প্রতিবেদন বা তথ্য কাউন্সিলের অফিসে পাওয়া গেলে বা শৃঙ্খলা বিষয়ক কমিটির গোচরীভূত হইলে উক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য কাউন্সিলের নিকট সুপারিশ বা মতামত প্রদান করা;

(খ) কোনো রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান অথবা রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট বা অনুরূপ প্রতিষ্ঠানের বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গজনিত কোনো অভিযোগ পাওয়া গেলে তাহা তদন্তপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য কাউন্সিলের নিকট সুপারিশ বা মতামত করা;

(গ) আইন এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে কাউন্সিল বা নির্বাহী কমিটি বা রেজিস্ট্রার কর্তৃক, সময় সময়, প্রেরিত বা প্রয়োজনীয় ও আনুষঙ্গিক যেকোনো কার্য সম্পাদন করা।

(২) বিধি ৩৪ এর অধীন গঠিত কমিটির আহবায়ক শৃঙ্খলা বিষয়ক কমিটির সকল সুপারিশ বা মতামত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনতিবিলম্বে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিবেন।

(৩) কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী শৃঙ্খলা বিষয়ক কমিটির কোনো সিদ্ধান্তে অসন্তুষ্ট হইলে, উক্ত সিদ্ধান্ত অবহিত হইবার তারিখ হইতে অনধিক ৭ (সাত) দিনের মধ্যে শৃঙ্খলা বিষয়ক কমিটির নিকট তাহা পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবেন।

(৪) এই বিধির অধীন শৃঙ্খলা বিষয়ক কমিটির কোনো সিদ্ধান্তের ফলে কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী সংক্ষুব্ধ হইলে, উক্ত সিদ্ধান্ত অবহিত হইবার তারিখ হইতে অনধিক ১৫ (পনের) দিনের মধ্যে নির্বাহী কমিটির নিকট আপিল করিতে পারিবেন।

(৫) কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবী উপ-বিধি (৪) এ উল্লিখিত নির্বাহী কমিটির সিদ্ধান্তে সংক্ষুব্ধ হইলে, উক্ত সিদ্ধান্ত অবহিত হইবার তারিখ হইতে অনধিক ৩০ (পনের) দিনের মধ্যে কাউন্সিলের নিকট আপিল করিতে পারিবেন।

**৩৬। রিহ্যাবিলিটেশন পেশাজীবীর অসদাচরণ, অভিযোগ, তদন্ত, ইত্যাদি।**—(১) কোনো ব্যক্তির নিকট যদি নির্ভরযোগ্য তথ্য প্রমাণ বা বিশ্বাসযোগ্য বলিয়া প্রতীয়মান হয় যে, একজন নিবন্ধিত বা লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবী অসদাচরণ বা মানসিক অসুস্থতা বা নৈতিক বা চারিত্রিক স্খলন অথবা অন্য কোনো কারণে রিহ্যাবিলিটেশন পেশাজীবী হিসাবে তাহার পেশা বা কার্য পরিচালনায় অযোগ্য বা অসামর্থ্য হন তাহা হইলে তিনি তাহার বিরুদ্ধে বিস্তারিত কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে রেজিস্ট্রার বরাবর অভিযোগ দাখিল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত অভিযোগে নিম্নবর্ণিত তথ্য উল্লেখ করিতে বা বিষয়াদি থাকিতে হইবে, যথা:—

(ক) অভিযোগকারী অভিযোগের কারণ সংক্রান্ত তথ্য সম্পর্কে ব্যক্তিগতভাবে অবহিত কিনা;

(খ) অভিযোগকারীর অভিযোগের কারণ সম্পর্কে ব্যক্তিগতভাবে অবহিত না হইয়া থাকিলে অভিযোগে বর্ণিত তথ্যের উৎস;

(গ) অভিযোগের কারণ সম্পর্কে অভিযোগকারী ব্যক্তিগতভাবে অবহিত না হইয়া থাকিলে অভিযোগে বর্ণিত তথ্যের বিশ্বাসযোগ্যতার কারণ; এবং

(ঘ) অভিযোগকারীর স্বাক্ষর বা টিপসহিসহ তাহার পূর্ণ নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর।

(৩) রেজিস্ট্রার উপ-বিধি (১) এর অধীন অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য স্বয়ং বা কোনো কর্মকর্তার মাধ্যমে অভিযোগটি পর্যালোচনা বা অনুসন্ধান করিবার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন।

(৪) রেজিস্ট্রার উপ-বিধি (১) অনুযায়ী কোনো অভিযোগ পাইবার পর অনধিক ৯০ (নব্বই) দিনের মধ্যে উপ-বিধি (৩) এর বিধান অনুসারে পদক্ষেপ গ্রহণ করিয়া অভিযোগের সত্যতা আছে বলিয়া প্রতীয়মান হইলে তৎকর্তৃক প্রাপ্ত তথ্য ও কাগজাদি এবং প্রযোজ্য ক্ষেত্রে মতামতসহ বিষয়টি অধিকতর অনুসন্ধান বা তদন্ত বা যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য শৃঙ্খলা বিষয়ক কমিটির নিকট প্রেরণ করিবেন।

(৫) শৃঙ্খলা বিষয়ক কমিটি উপ-বিধি (১) এ উল্লিখিত অভিযোগের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট অভিযোগ বিবরণ যাচাই এবং অধিকতর অনুসন্ধান বা তদন্ত;

(খ) রেকর্ডপত্রাদি পর্যালোচনা; এবং

(গ) সংশ্লিষ্ট বা স্বার্থ সংশ্লিষ্ট বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের শুনানি গ্রহণ।

(৬) শৃঙ্খলা বিষয়ক কমিটি উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী রেজিস্ট্রারের নিকট হইতে অভিযোগকারীর অভিযোগ এবং আনুষঙ্গিক কাগজপত্র পাইবার পর অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে রেজিস্ট্রিকৃত ডাকযোগে এবং সম্ভাব্য ক্ষেত্রে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগের অনুলিপিসহ অনধিক ১৫(পনের) দিনের মধ্যে অভিযোগটি সম্পর্কে উপযুক্ত ব্যাখ্যা দেওয়ার জন্য অনুরোধ করিয়া অভিযুক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর সর্বশেষ জ্ঞাত ঠিকানায় তপশিল-২ এর ফরম-১০ অনুযায়ী একটি নোটিশ প্রেরণ করিবে।

(৭) নোটিশে অভিযোগের প্রকৃতি ও ধরন সম্পর্কে সুনির্দিষ্ট বিবরণী থাকিবে এবং কমিটি অভিযোগ সম্পর্কে যে তারিখে শুনানি গ্রহণ করিতে চায় সেই তারিখে অভিযুক্ত ব্যক্তিকে অবহিত করিবার ব্যবস্থা, অভিযুক্ত ব্যক্তি কর্তৃক লিখিতভাবে অভিযোগের জবাব দেয়া এবং উক্ত তারিখে কমিটির নিকট উপস্থিত হইবার জন্য তাহাকে তলব করিবার কথা উল্লেখ থাকিবে।

(৮) উপ-বিধি (৬) এর অধীন নোটিশ প্রদানকালে অবস্থার প্রেক্ষিতে তপশিল-২ এর ফরম-১০ অনুযায়ী প্রয়োজনে সংযোজন-বিয়োজন করা যাইবে।

(৯) অভিযোগ শুনানির অনধিক ২১ (একুশ) দিন পূর্বে অভিযোগকারী কর্তৃক দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপিসহ অভিযুক্ত ব্যক্তির বরাবরে নোটিশ প্রেরণ করিতে হইবে এবং উহার একটি প্রতিলিপি অভিযোগকারীর নিকট প্রেরণ করিতে হইবে।

(১০) অভিযুক্ত ব্যক্তি উপ-বিধি (৬) এর বিধান অনুযায়ী নোটিশ প্রাপ্তির পর অভিযোগের বিষয়ে তাহার বক্তব্য এবং বক্তব্যের সমর্থনে প্রয়োজনীয় কাগজাদি দাখিল করিতে পারিবে এবং তিনি শুনানিতে অংশগ্রহণ করিতে ইচ্ছুক কিনা সে বিষয়ে শৃঙ্খলা বিষয়ক কমিটিকে অবহিত করিতে পারিবেন।

(১১) উপ-বিধি (১০) এ উল্লিখিত ব্যক্তিগত শুনানির সিদ্ধান্ত গ্রহণ করা হইলে অভিযুক্ত ব্যক্তিকে উক্ত শুনানি অনুষ্ঠানের জন্য নির্ধারিত তারিখের অনধিক ৭ (সাত) দিন পূর্বে শুনানির তারিখ সম্পর্কে অবহিত করিতে হইবে।

(১২) শুনানির সময়ে অভিযুক্ত ব্যক্তি ব্যক্তিগতভাবে নিজে উপস্থিত থাকিতে পারিবে অথবা তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি উপস্থিত থাকিতে পারিবেন।

(১৩) শৃঙ্খলা বিষয়ক কমিটিকে উপ-বিধি (১) অনুযায়ী প্রেরিত অভিযোগের বিষয়টি প্রাপ্তির তারিখ হইতে অনধিক ১৮০ (একশত আশি) দিনের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে।

(১৪) শৃঙ্খলা বিষয়ক কমিটি অভিযোগের অনুসন্ধান বা তদন্ত চলাকালে যদি মনে করে যে, অভিযোগের সহিত সংশ্লিষ্ট কোনো ব্যক্তির বক্তব্য শ্রবণ করা প্রয়োজন, তাহা হইলে উক্ত ব্যক্তিকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিতে পারিবে৷

(১৫) শৃঙ্খলা বিষয়ক কমিটি এই বিধির বিধান অনুযায়ী অভিযোগের বিষয়ে তৎকর্তৃক সম্পাদিত অনুসন্ধান বা তদন্ত বা অনুরূপ গৃহীত ব্যবস্থার বিবরণসহ উহার মতামত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনতিবিলম্বে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিবেন।

(১৬) কাউন্সিল, শৃঙ্খলা বিষয়ক কমিটির মতামতের ভিত্তিতে অথবা, প্রয়োজনে সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে শুনানির যুক্তিসঙ্গত সুযোগ দান করিয়া, বিষয়টির নিষ্পত্তি করিবে এবং এতদ্বিষয়ে উহার সিদ্ধান্ত চূড়ান্ত হইবে এবং পক্ষগণের উপর অবশ্য পালনীয় হইবে৷

৩৭। **আইনজীবীর মাধ্যমে প্রতিনিধিত্ব, সাক্ষ্য প্রমাণ, ইত্যাদি।—(১)** শৃঙ্খলা বিষয়ক কমিটি বা তদন্ত কমিটিতে অভিযোগের শুনানিকালে অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তি স্ব স্ব আইনজীবীর সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(২) রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিকট প্রেরিত তদন্তের নোটিশটি তদন্ত কমিটিতে উপস্থাপন করিতে হইবে।

(৩) অভিযুক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে স্বয়ং কিংবা আইনজীবীর মাধ্যমে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডনের নিমিত্ত সাক্ষ্য প্রমাণ হাজির করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, তিনি তাহার সাক্ষ্য প্রদানের আগে অথবা পরে তদন্ত কমিটিতে আত্মপক্ষ সমর্থনপূর্বক তাঁর বক্তব্য রাখিতে পারিবেন।

(৪) আত্মপক্ষ সমর্থনে অভিযুক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর বক্তব্য শেষ হইবার পর তদন্ত কমিটি উক্ত বিষয়ে আর কোনো অতিরিক্ত সাক্ষ্য প্রমাণ গ্রহণ করিবেন না।

(৫) কমিটিতে শুনানিকালে যে পক্ষ স্বাক্ষী হাজির করিবে, সেই পক্ষ নিজে বা আইনজীবীর মাধ্যমে উক্ত স্বাক্ষীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবে এবং তাহার সমস্ত জিজ্ঞাসাবাদ শেষ হইলে অপরপক্ষ জেরা করিবে:

তবে শর্ত থাকে যে, জেরা শেষ হওয়ার পর সুনির্দিষ্ট বিষয়ে কমিটির লিখিত অনুমতি সাপেক্ষে কোনো পক্ষ স্বীয় স্বাক্ষীকে পুনরায় জিজ্ঞাসাবাদ করিতে পারিবে।

(৬) সাক্ষ্য চলাকালে তদন্ত কমিটির সভাপতি স্বাক্ষীকে যে কোনো প্রশ্ন করিতে পারিবেন এবং কমিটির সদস্যগণও সভাপতির অনুমতি সাপেক্ষে স্বাক্ষীকে যে কোনো প্রশ্ন করিতে পারিবেন।

(৭) সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি নিজে বা তাহার আইনজীবীর মাধ্যমে তাহার বিরুদ্ধে আনীত অভিযোগের ব্যাপারে আত্মপক্ষ সমর্থন করিয়া বক্তব্য, যদি থাকে, পেশ করিতে এবং তাহার বক্তব্যের সমর্থনে সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করিতে পারিবেন।

(৮) শুনানিকালে অভিযোগকারী বা তাঁহার আইনজীবী উপস্থিত না থাকিলে শৃঙ্খলা বিষয়ক কমিটির আহবায়ক অভিযুক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীর ঠিকানায় প্রেরিত তদন্তের নোটিশ কমিটিতে উপস্থাপন করিবেন এবং অভিযোগের তথ্যাদি বর্ণনা করিবেন।

৩৮। **অভিযোগ শুনানির পর করণীয়।**—(১) বিধি ৩৬ ও ৩৭ এর বিধান অনুযায়ী শুনানি শেষ হওয়ার পর শৃঙ্খলা বিষয়ক কমিটি আনীত অভিযোগের সম্পূর্ণ বিবেচনা করিয়া উক্ত ব্যক্তি পেশাগত ক্ষেত্রে অসদাচরণের দোষে দোষী কিনা অথবা মানসিক অসুস্থতা বা চারিত্রিক দোষ বা অন্য কোনো কারণে তাহার পেশা চালাইয়া যাইতে অক্ষম কিনা তাহা নির্ধারণ করিয়া সুপারিশ সংবলিত প্রতিবেদন রেজিস্ট্রার বরাবর পেশ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন তদন্ত কমিটির সুপারিশ প্রাপ্তির পর রেজিস্ট্রার উহা নির্বাহী কমিটির সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) অতঃপর নির্বাহী কমিটি বিষয়টির উপর সিদ্ধান্ত গ্রহণ করিবেন এবং পরবর্তীতে রেজিস্ট্রার কাউন্সিল সভায় উক্ত সিদ্ধান্তসমূহ অবগতির জন্য উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) নির্বাহী কমিটি যদি অভিযুক্ত রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে পেশাগত ক্ষেত্রে অসদাচরণের দোষে দোষী অথবা মানসিক অসুস্থতা কিংবা চারিত্রিক দোষ বা অন্য কোনো কারণে পেশাগত দায়িত্ব পালনে অনুপযুক্ত বলিয়া মনে করেন, তাহা হইলে নির্বাহী কমিটি ঐ ব্যক্তি যদি-

(ক) নিবন্ধনের প্রার্থী হইয়া থাকিলে তাহার নাম নিবন্ধিত না করিতে রেজিস্ট্রারকে নির্দেশনা দিবেন;

(খ) কেবল নিবন্ধিত রিহ্যাবিলিটেশন পেশাজীবী হইয়া থাকিলে তাহার নাম রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে সতর্ক করিয়া দেওয়া বা নিবন্ধন রেজিস্টার বহি হইতে তাহার নাম বাতিল করিবার জন্য অথবা তাহার প্রতি নিন্দা জ্ঞাপন করিবার জন্য রেজিস্ট্রারকে নির্দেশ দিতে পারিবে।

(৫) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ তাহাকে অবহিত করিবার তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে কাউন্সিল সিদ্ধান্ত গ্রহণে ব্যর্থ হইলে অভিযোগটি সাধারণভাবে নিষ্পত্তি হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অভিযুক্ত ব্যক্তি দায়মুক্ত হইবেন।

**নবম অধ্যায়**

**প্রতিকার, আপিল, ইত্যাদি**

**৩৯। রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিকট হইতে প্রত্যাশিত সেবা না পাওয়ার প্রতিকার, ইত্যাদি।**—(১) সরকার, আইন বা তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালার অতিরিক্ত হিসাবে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সুনির্দিষ্টভাবে রিহ্যাবিলিটেশন কার্য বা সেবার ন্যূনতম মান অথবা কোন কোন রিহ্যাবিলিটেশন কার্য বা সেবা প্রদান না করিলে উহা প্রত্যাশিত সেবা বা যুক্তিসঙ্গত সেবা হিসাবে বিবেচনা করা যাইবে না এবং উক্তরূপ কার্য বা সেবা প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে এই বিধিমালা অনুযায়ী ক্ষতিপূরণ প্রদানের আদেশ প্রদান করা যাইবে, উহা নির্দিষ্ট করিয়া দিতে পারিবে:

(২) আইন ও এই বিধিমালার অধীনে রিহ্যাবিলিটেশন সেবা প্রার্থী কোনো ব্যক্তি কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিকট হইতে আইন বা তদধীন প্রণীত বিধিমালা বা প্রবিধানমালা বা উপ-বিধি (১) এর অধীন সুনির্দিষ্টকৃত প্রত্যাশিত সেবা পাওয়া হইতে প্রত্যাখ্যাত হইলে অথবা নির্ধারিত বা যুক্তিসঙ্গত সময়ে মানসম্পন্ন সেবা না পাইলে, তিনি শৃঙ্খলা বিষয়ক কমিটির নিকট উহার প্রতিকার চাহিয়া আবেদন করিতে পারিবেন এবং উক্ত কমিটি উক্ত আবেদন বিবেচনা করিয়া ক্ষতিপূরণ আদায় করিয়া উহা সেবাপ্রার্থী ব্যক্তিকে প্রদানের আদেশ প্রদান বা যথোপযুক্ত আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ কোনো ব্যক্তি উপ-বিধি (৪) এর অধীন গঠিত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করিতে পারিবেন এবং আপিল কর্তৃপক্ষ যুক্তিসঙ্গতরূপে শুনানি গ্রহণ করিয়া আপিল দায়েরের তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে সংশ্লিষ্ট আদেশ বা নির্দেশ দ্বারা গৃহীত সিদ্ধান্ত বাতিল, পরিবর্তন বা সংশোধন করিয়া তদবিবেচনায় উপযুক্ত সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(৪) আইন ও বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উপ-বিধি (৩) এ উল্লিখিত আপিল কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা:—

(ক) সরকার কর্তৃক মনোনীত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি ইহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(গ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ঞ) তে উল্লিখিত কাউন্সিল সদস্য;

(ঘ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ম) তে উল্লিখিত কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে মনোনীত একজন সদস্য; এবং

(ঙ) রেজিস্ট্রার কর্তৃক মনোনীত অন্যূন সহকারী রেজিস্ট্রার পদমর্যাদার একজন কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিব হইবেন।

(৫) চেয়ারম্যান আপিল কর্তৃপক্ষের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপ-বিধি (৪) এর দফা (খ) এ উল্লিখিত সদস্য আপিল কর্তৃপক্ষের সভায় সভাপতিত্ব করিবেন।

(৬) আপিল কর্তৃপক্ষের আপিল শুনানি সভার কোরামের জন্য চেয়ারম্যানসহ অন্যূন ২ (দুই) জন সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৭) আপিল কর্তৃপক্ষের অভিযোগের শুনানিকালে অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তি স্ব স্ব আইনজীবীর সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(৮) আপিল কর্তৃপক্ষের সদস্যগণ, সরকারি বিধি মোতাবেক, সম্মানী প্রাপ্য হইবেন।

(৯) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধির অধীন ব্যবস্থা গ্রহণের পদ্ধতি ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় নির্ধারণ করিতে পারিবে এবং উহাতে যথাসম্ভব প্রতিটি ধাপ বা কার্য নিষ্পত্তির সময়সীমা সুনির্দিষ্ট করিতে পারিবে।

৪০। **কাউন্সিলের আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপিল।**—(১) কোনো ব্যক্তি আইন বা এই বিধিমালার অধীন কাউন্সিল প্রদত্ত কোনো নোটিশ, আদেশ বা নির্দেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত নোটিশ, আদেশ বা নির্দেশ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল দায়ের করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আপিলের সহিত নিম্নবর্ণিত কাগজাদি দাখিল এবং বিষয়াদি অনুসরণ করিতে হইবে, যথা:

(ক) আপিল আবেদনটি লিখিত এবং আপিলকারী কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে;

(খ) আপিলকারী যে কারণে কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত কোনো নোটিশ বা গৃহীত কোনো আদেশ বা নির্দেশ দ্বারা সংক্ষুব্ধ হইয়াছেন তাহার কারণ উল্লেখ করিতে হইবে;

(গ) যে নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপিল করা হইয়াছে উহার সত্যায়িত অনুলিপি;

(ঘ) আপিল আবেদন ফি হিসাবে আইনের তপশিল-১ এ উল্লিখিত ফি কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদানের প্রমাণক;

(ঙ) বিধি ৩৯ এর অধীন কোনো ক্ষতিপূরণের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করা হইলে ধার্যকৃত অর্থের ২৫% (পঁচিশ শতাংশ) কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের এতদুদ্দেশ্যে নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিতে হইবে; এবং

(চ) নোটিশ, আদেশ বা নির্দেশ অনুযায়ী, যদি থাকে, সংশ্লিষ্ট পেশা বা কার্য বন্ধ রহিয়াছে মর্মে লিখিত অঙ্গীকারনামা।

(৩) সরকার, আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী আপিল আবেদনের বিষয়ে যে সিদ্ধান্ত প্রদান করিবে উহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**৪১। আপিল শুনানি ও নিষ্পত্তির পদ্ধতি।**—(১) সরকার আপিল আবেদনের উপর শুনানি গ্রহণের জন্য দিন ধার্য করিয়া সংশ্লিষ্ট আপিলকারীকে ও রেজিস্ট্রারকে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে নোটিশ প্রদান করিবে।

(২) শুনানির জন্য নির্ধারিত তারিখে আপিলকারী উপস্থিত না হইলে সরকার আপিল খারিজ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সরকার আপিলকারীর আবেদনের পরিপ্রেক্ষিতে শুনানির জন্য উপস্থিত হইবার সময় বৃদ্ধি করিতে পারিবেঃ

আরো শর্ত থাকে যে, একক অভিযোগের ক্ষেত্রে উক্ত সময় বৃদ্ধির আবেদন কেবল একবারই মঞ্জুর করা যাইবে।

(৩) সরকার আপিল শুনানির সুবিধার্থে উভয় পক্ষকে সংশ্লিষ্ট বিষয়ের উপর লিখিত প্রতিবেদন বা জবাব দাখিল করিবার জন্য আদেশ প্রদান করিতে পারিবে।

(৪) উপ-বিধি (২) অনুযায়ী আপিলের কোনো আবেদন খারিজ করা হইলে খারিজের উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে অনধিক ২১ (একুশ) দিনের মধ্যে উহা পুনর্বিবেচনার জন্য সরকারের নিকট আবেদন করা যাইবে।

(৫) আপিলের কোনো আবেদন পাইবার পর সরকার আবেদনের সহিত দাখিলকৃত সংশ্লিষ্ট কাগজাদি, লিখিত বিবরণ এবং প্রয়োজনে মৌখিকভাবে সাক্ষ্য গ্রহণপূর্বক সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করিয়া আবেদনটির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

(৬) আপিল শুনানিকালে আপিলকারী আইনজীবীর সহায়তা গ্রহণ করিতে পারিবেন।

(৭) শুনানি গ্রহণক্রমে সরকার আপিল দায়েরের তারিখ হইতে অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে সংশ্লিষ্ট নোটিশ, আদেশ বা নির্দেশ দ্বারা গৃহীত সিদ্ধান্ত বাতিল, পরিবর্তন বা সংশোধন করিয়া তদবিবেচনায় উপযুক্ত সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(৮) সরকার লিখিতভাবে আদেশ জারি করিবে এবং উহার অনুলিপি কাউন্সিলের রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবে।

(৯) প্রযোজ্যতা অনুযায়ী, আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন বা নিবন্ধন নবায়ন বা রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স প্রদান করা যাইবে না অথবা সংশ্লিষ্ট পেশা বা কার্য পরিচালনা করা যাইবে না।

## দশম অধ্যায়

### লাইসেন্স বহি, ফি, ইত্যাদি

৪২। **লাইসেন্স বহি সংরক্ষণ, স্বাক্ষর, ইত্যাদি।**—(১) কাউন্সিল তপশিল-২ এর ফরম-১৩ অনুযায়ী নিবন্ধিত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারদের লাইসেন্স বহি সংরক্ষণ করিবে।

(২) আইনের প্রথম তপশিলের কলাম (১) এবং বিধি ৩২ এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের পরিচিতি বা ধরণ অনুযায়ী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্সের আবেদন গ্রহণ করিতে হইবে, এবং এই বিধিমালার সপ্তম অধ্যায়ের বিধান অনুযায়ী উক্ত আবেদন অনুমোদিত হইলে, যতদুর সম্ভব, সেই ক্রমানুসারেই সংশ্লিষ্ট রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের লাইসেন্স সংক্রান্ত তথ্য লাইসেন্স বহিতে সংরক্ষণ করিতে হইবে।

(৩) রেজিস্ট্রার, সময় সময়, লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের লিখিত আবেদনের ভিত্তিতে ও দালিলিক প্রমাণ সাপেক্ষে সংশ্লিষ্ট লাইসেন্স বহির তথ্য সংশোধন বা পরিমার্জন করিতে পারিবেন।

(৪) কোনো লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের মৃত্যু হইলে বা বিধি ৪৩ এর বিধান অনুযায়ী স্বেচ্ছায় প্রত্যাহার করিলে তাহার নাম লাইসেন্স বহি হইতে কর্তন করিতে হইবে।

(৫) আইনের প্রথম তপশিলের কলাম (১) এবং বিধি ৩২ এ উল্লিখিত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের ধরণ বা পরিচিতি অনুযায়ী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের জন্য পৃথক পৃথক পেশা শনাক্তকরণ নম্বরসহ নির্দিষ্ট ফরমে লাইসেন্স বহি সংরক্ষণ করিতে হইবে।

(৬) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের লাইসেন্স বিষয়ে ব্যক্তিগত তথ্য শীট তৈরি করিয়া অনলাইনভিত্তিক ডিজিটাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে ডিজিটাল লাইসেন্স বহি সংরক্ষণ করিতে হইবে।

(৭) রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের লাইসেন্স সংখ্যা ক্রমানুযায়ী ১ হইতে শুরু হইবে এবং প্রত্যেক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারের লাইসেন্স সংখ্যার পূর্বে ক্যাপিটাল লেটারে সংক্ষিপ্ত আকারে আইনের প্রথম তপশিলের টেবিলের কলাম (১) উল্লিখিত ধরন বা বিধি ৩২ অনুযায়ী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার পেশার নাম এবং এই বিধিমালার বিধান অনুযায়ী পেশা শনাক্তকরণ বা লাইসেন্স নম্বর সংযুক্ত করিতে হইবে।

উদাহরণস্বরূপ: একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্ক) এর পরিচিতি ও পেশা পরিচিতি নম্বর হইবে "RP-CSW-2024-000000" যাহা নিম্নরূপভাবে লিখিত হইবে, যথা:—

| রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার (নামের ইংরেজি শব্দের প্রথম আদ্যাক্ষর) | | ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্কার (পেশার নামের প্রথম আদ্যাক্ষর) | | লাইসেন্স প্রদান সন (লাইসেন্স প্রদানের সন) | | লাইসেন্স নম্বর |
|---|---|---|---|---|---|---|
| RP | - | CSW | - | 2024 | - | 0000000 |

(৮) লাইসেন্স বহিসমূহের প্রতিটি পাতায় প্রতিটি নামের পার্শ্বে রেজিস্ট্রার কাউন্সিলের লোগো সংবলিত সিলসহ স্বাক্ষর করিবেন।

৪৩। **লাইসেন্স বহি হইতে স্বেচ্ছায় নাম প্রত্যাহার।**—(১) একজন লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার স্বেচ্ছায় লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে লাইসেন্স বহি হইতে নিজের নাম প্রত্যাহার করিতে চাহিলে তাহাকে কাউন্সিলের রেজিস্ট্রার বরাবর লিখিতভাবে ডাকযোগে, ইমেইল অথবা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদন দাখিল করা হইলে রেজিস্ট্রার লাইসেন্স বহি হইতে সংশ্লিষ্ট লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন নাম কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৩) এই বিধি অনুযায়ী কোনো ব্যক্তির নাম রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স বহি হইতে কর্তন করা হইলে তিনি রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিতে পারিবেন না।

৪৪। **ফি আদায়, জমা প্রদান, ইত্যাদি।**—(১) যদি আইন ও এই বিধিমালার কোনো বিধান কার্যকর করিবার উদ্দেশ্যে তপশিল-১ এর অধীন কাউন্সিলের কোনো সুনির্দিষ্ট পেশা বা কার্য বা সেবার জন্য কোনো ফি নির্ধারিত না থাকে তাহা হইলে আইন বা এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল, অর্থ বিভাগের সহিত পরামর্শ ও সরকারের পূর্বানুমোদনক্রমে, কোনো সুনির্দিষ্ট পেশা বা কার্য বা সেবার জন্য, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ফি নির্ধারণ করিতে পারিবে।

(২) কাউন্সিল আইন ও এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে তফসিলি ব্যাংকে এক বা একাধিক ব্যাংক হিসাব খুলিতে পারিবে।

(৩) এই বিধিমালার অধীনে নিবন্ধন, লাইসেন্স, স্বীকৃতি, অনুমোদন, নবায়ন ও অন্যান্য ক্ষেত্রে ধার্যকৃত ফি এর হার তপশিল-১ বা উপ-বিধি (১) এর বিধান অনুযায়ী নির্ধারিত হইবে।

(৪) আইনের ধারা ১২ এর উপ-ধারা (২) এর বিধান অনুযায়ী তহবিল পরিচালনা সংক্রান্ত বিধি প্রণীত না হওয়া পর্যন্ত আইন ও এই বিধিমালার বিধান অনুযায়ী রিহ্যাবিলিটেশন পেশাজীবী, রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান, রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট কর্তৃক বিভিন্ন ফি আদায়, ব্যাংক হিসাবে নগদ জমা, একাউন্ট-পে চেক, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিং, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার বা অনুরূপ বিষয়াদি কাউন্সিল কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে পরিচালনা করিতে হইবে।

*ব্যাখ্যা*—"তফসিলি ব্যাংক" বলিতে Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Article 2(J) তে সংজ্ঞায়িত *Scheduled Bank* বুঝাইবে।

## একাদশ অধ্যায়

## অর্থ বরাদ্দ, ব্যয় বিবরণী, হিসাবরক্ষণ, ইত্যাদি

৪৫। **আয় ও ব্যয়ের বার্ষিক বিবরণী।**—(১) রেজিস্ট্রার প্রত্যেক বৎসর ৩১ জুলাই তারিখের মধ্যে পূর্ববর্তী অর্থ বৎসরে কাউন্সিলের সকল খাত হইতে প্রাপ্ত আয় ও ব্যয়ের বিবরণী প্রস্তুত করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আয় ও ব্যয়ের বার্ষিক বিবরণী নির্বাহী কমিটিতে উপস্থাপন করিয়া পরবর্তী কাউন্সিল সভার অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৪৬। **ক্যাশ বহি, অগ্রিম অর্থ বরাদ্দ।**—(১) কাউন্সিল কর্তৃক প্রাপ্ত অথবা ব্যয়িত যে কোনো অর্থ তাৎক্ষণিকভাবে সাধারণ ক্যাশ বহিতে লিপিবদ্ধ করিতে হইবে।

(২) কাউন্সিলের চলতি ব্যয় নির্বাহ করিবার জন্য রেজিস্ট্রারকে প্রতি মাসে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা স্থায়ী অগ্রিম দেওয়া যাইবে।

৪৭। **রেজিস্ট্রারের আর্থিক কার্যাবলি।**—(১) রেজিস্ট্রার আইন ও এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবেন।

(২) আইন ও এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য, প্রযোজ্যতা অনুযায়ী, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ বা এতদুদ্দেশ্যে প্রযোজ্য সরকারি বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

৪৮। **ব্যাংক হিসাব পরিচালনা।**—আইনের অধীন তহবিল পরিচালনা বিধি প্রণীত না হওয়া পর্যন্ত কাউন্সিলের ব্যয়ের সকল চেক রেজিস্ট্রার এবং কাউন্সিল কর্তৃক মনোনীত কোনো একজন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালনা করিতে হইবে।

৪৯। **সম্মানি।**—কাউন্সিল, নির্বাহী কমিটি, আপিল কর্তৃপক্ষ বা কোনো কমিটি বা অনুসন্ধান ও পরিদর্শনের কাজে নিয়োজিত সদস্য বা ব্যক্তিকে আইন বা এই বিধিমালার বিধান অনুযায়ী সভায় যোগদান বা অনুসন্ধান বা পরিদর্শন বা কার্য সম্পাদনের জন্য অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত হারে সম্মানি প্রদান করা যাইবে।

## দ্বাদশ অধ্যায়

## বিবিধ

৫০। **কাউন্সিলের সীল ও লোগো।**—(১) কাউন্সিলের নিজস্ব সীল ও লোগো থাকিবে।

(২) কাউন্সিল সরকারের পূর্বানুমোদনক্রমে উপ-বিধি (১) এ উল্লিখিত সীল ও লোগোর অক্ষর, শব্দ, বাক্য, গ্রাফিক্স মার্ক, প্রতীক বা চিহ্ন নির্ধারণ ও চূড়ান্ত করিতে পারিবে।

৫১। **তথ্য সংগ্রহ ও প্রেরণ।**—(১) রেজিস্ট্রার আইনের ধারা ১৩ ও ১৪ এর বিধান মোতাবেক রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট, যেই নামেই অভিহিত হউক না কেন, হইতে কোনো তথ্য সংবলিত বিবরণ পাওয়া প্রয়োজন মনে করিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সেবা ইউনিটকে উহা সরবরাহের জন্য সাধারণ নোটিশ বা বিজ্ঞপ্তি বা পত্র প্রেরণ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মতে কোনো সাধারণ নোটিশ বা বিজ্ঞপ্তি বা পত্র প্রেরণ করা হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সেবা ইউনিট নির্ধারিত সময়ের মধ্যে উক্ত তথ্য সংবলিত বিবরণ প্রেরণ করিতে বাধ্য থাকিবেন।

(৩) রিহ্যাবিলিটেশন শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী প্রতিটি স্বীকৃত প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠানকে, উহা যে নামেই অভিহিত হউক না কেন, প্রতি বৎসর কাউন্সিলের নিকট পরীক্ষাসমূহের ফলাফল সংবলিত বিবরণ কাউন্সিল কর্তৃক নির্ধারিত ছকে প্রেরণ করিতে হইবে।

**৫২। পরিদর্শন।**—(১) কাউন্সিল বা নির্বাহী কমিটি বা সংশ্লিষ্ট কমিটি বা কাউন্সিল কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, ক্ষেত্রমত, রিহ্যাবিলিটেশন শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী স্বীকৃত প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি অথবা রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিটের অনুমোদন অথবা রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের নিবন্ধন বা নিবন্ধন নবায়ন বা রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স বা লাইসেন্স নবায়ন অথবা আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কোনো কার্যক্রম যেমন, পাঠ্যসূচি, পরীক্ষা গ্রহণ পদ্ধতি ও প্রক্রিয়া, প্রশিক্ষণ, সেবা প্রদান প্রক্রিয়া, সেবা প্রদান পদ্ধতি এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিদর্শনের জন্য তপশিল-১ এ উল্লিখিত হার বা বিধি ৪৪ অনুযায়ী ফি আদায় করা যাইবে।

(৩) কাউন্সিলের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করিবার লক্ষ্যে রেজিস্ট্রার প্রয়োজনবোধে তাঁর কার্যালয়ের যে কোনো কর্মকর্তাকে প্রয়োজন অনুসারে পরিদর্শনের দায়িত্ব প্রদান করিতে পারিবেন।

(৪) আইন বা এই বিধিমালার বিধান অনুযায়ী পরিদর্শন সম্পন্ন হইবার অনধিক ১৫ (পনেরো) দিনের মধ্যে রেজিস্ট্রার বরাবরে পরিদর্শন প্রতিবেদন পেশ করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত প্রতিবেদন প্রাপ্তির পর রেজিস্ট্রার উক্ত প্রতিবেদনের কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কমিটির আহবায়কের নিকট প্রেরণ করিবেন।

৫৩। **কমিটি।**—(১) আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে এবং কাউন্সিলের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করিবার লক্ষ্যে আইনের ধারা ১১ এর বিধান অনুযায়ী যোগ্যতা সম্পন্ন ব্যক্তির সমন্বয়ে এক বা একাধিক কমিটি গঠন করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটিতে, প্রযোজ্যতা অনুযায়ী, রিহ্যাবিলিটেশন পেশাজীবী অর্থাৎ রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার, রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট ও রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান, রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, রিহ্যাবিলিটেশন সেবা সংশ্লিষ্ট কর্মকাণ্ডে নিয়োজিত বিশেষজ্ঞ চিকিৎসক, আইন এবং পর্যাপ্ত শিক্ষাগত ও প্রশাসনিক অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করিতে হইবে।

৫৪। **ইংরেজি ভাষায় অনুদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

**তপশিল-১**
**[বিধি ৪৪ দ্রষ্টব্য]**

**বিভিন্ন ফি**

| ক্রমিক নম্বর | ফি এর বিষয় | ফি এর পরিমাণ (টাকা) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | **রিহ্যাবিলিটেশন পেশাজীবী আবেদন, নিবন্ধন ও নিবন্ধন নবায়ন ফি** | |
| ১। | রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার আবেদন ফি | ১,০০০.০০ |
| | রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট আবেদন ফি | ৭,০০.০০ |
| | রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান আবেদন ফি | ৫,০০.০০ |
| | রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার নিবন্ধন ফি বা নবায়ন ফি (৫ বৎসরের জন্য) | ৩,০০০.০০ |
| | বিধি ১৯ এর উপ-বিধি (১) এর শর্তাংশের অধীন বিলম্ব আবেদন ফি | ১,০০০.০০ |
| | রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার নিবন্ধন নবায়ন বিলম্ব ফি (প্রতি বৎসরের জন্য) | ২,০০০.০০ |
| ২। | রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট নিবন্ধন ফি বা নবায়ন ফি (৫ বৎসরের জন্য) | ২,০০০.০০ |
| | রিহ্যাবিলিটেশন টেকনোলজিস্ট নিবন্ধন নবায়ন বিলম্ব ফি (প্রতি বৎসরের জন্য) | ১,০০০.০০ |
| ৩। | রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান নিবন্ধন ফি বা নবায়ন ফি (৫ বৎসরের জন্য) | ১,০০০.০০ |
| | রিহ্যাবিলিটেশন টেকনিশিয়ান নিবন্ধন নবায়ন বিলম্ব ফি (প্রতি বৎসরের জন্য) | ৫০০.০০ |
| ৪। | রিহ্যাবিলিটেশন পেশাজীবীর নিবন্ধন পুনর্বহালের আবেদন ফি | ৫,০০০.০০ |
| ৫। | বিদেশী রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন ও নিবন্ধন নবায়ন ফি | ৬,০০০.০০ |
| ৬। | ডুপ্লিকেট নিবন্ধন সনদ ফি | ১,০০০.০০ |
| | **রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স ও লাইসেন্স নবায়ন ফি** | |
| ৭। | রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স ফি ও লাইসেন্স নবায়ন ফি (৫ বৎসরের জন্য) | ৫,০০০.০০ |
| | বিধি ৩১ এর উপ-বিধি (১) এর শর্তাংশের অধীন বিলম্ব আবেদন ফি | ১০,০০০.০০ |
| | রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্স নবায়ন বিলম্ব ফি (প্রতি বৎসরের জন্য) | ২,০০০.০০ |
| ৮। | বিদেশী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারদের নিবন্ধন ফি (এক বৎসরের জন্য) | ১০,০০০.০০ |
| ৯। | ডুপ্লিকেট লাইসেন্স সনদ ফি | ২,০০০.০০ |
| | **অন্যান্য ফি** | |
| ১০। | স্বীকৃত প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন শিক্ষা প্রতিষ্ঠান প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি প্রদান ফি | ২,০০০.০০ |
| ১১। | রিহ্যাবিলিটেশন পেশাজীবীর স্ব-স্ব পেশায় অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার সংযোজন হিসাবে প্রত্যেক উপাধি বা যোগ্যতার অন্তর্ভুক্তির জন্য ফি | ২,০০০.০০ |
| ১২। | বিদেশী রিহ্যাবিলিটেশন পেশাজীবীর স্ব-স্ব পেশায় অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার সংযোজন হিসাবে প্রত্যেক উপাধি বা যোগ্যতার অন্তর্ভুক্তির জন্য ফি | ৫,০০০.০০ |

| (১) | (২) | | (৩) |
|---|---|---|---|
| ১৩। | রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট পরিদর্শন আবেদন ফি | | ১,০০০.০০ |
| ১৪। | রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট (ইনডোর/ আউটডোর সেন্টার) পরিদর্শন ফি | | ২০,০০০.০০ |
| ১৫। | রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট (আউটডোর সেন্টার) অনুমোদন ফি | | ২৫,০০০.০০ |
| ১৬। | রিহ্যাবিলিটেশন সেবা প্রতিষ্ঠান বা রিহ্যাবিলিটেশন সেবা ইউনিট অনুমোদন প্রদান ফি | | |
| | **এলাকা** | **বেড সংখ্যা** | |
| | সিটি কর্পোরেশন | **১-৫০ বেড** | ৫০,০০০.০০ |
| | | **৫১-১০০ বেড** | ১,০০,০০০.০০ |
| | | **১০১-২৫০ বেড** | ১,৫০,০০০.০০ |
| | | **২৫১ বেড বা ততোধিক** | ২,০০,০০০.০০ |
| | জেলা পর্যায় | **১-৫০ বেড** | ৪০,০০০.০০ |
| | | **৫১-১০০ বেড** | ৭৫,০০০.০০ |
| | | **১০১-২৫০ বেড** | ১,০০,০০০.০০ |
| | | **২৫১ বেড বা ততোধিক** | ১,৫০,০০০.০০ |
| | উপজেলা পর্যায় | **১-৫০ বেড** | ২৫,০০০.০০ |
| | | **৫১-১০০ বেড** | ৫০,০০০.০০ |
| | | **১০১-২৫০ বেড** | ৭৫,০০০.০০ |
| | | **২৫১ বেড বা ততোধিক** | ১,০০,০০০.০০ |
| ১৭। | কাউন্সিলের আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপিল আবেদন ফি | | ১,০০০.০০ |

**তপশিল-২**

**ফরম-১**

**[বিধি ১৭ (২) ও ১৮(১) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল**

| আবেদনকারীর সাম্প্রতিক পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৪ কপি) |
|---|

**অংশ-"ক"**

**রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন আবেদন ফরম**

(স্বহস্তে পূরণ করিতে হইবে)

